ওর পায়ের একটা গোঁড়ালি সত্যিই অসম্ভবরকম বাঁকা ছিল।

...আমি এতদিন এই কাছেই একটি দোকানে কাজ করতাম। কিন্ত দোকানের মালিক আমাকে দিন-রাত খুব খাটায়, অথচ পেটভরে খেতে দেয় না........। আমাকে গতকাল রাতে বেল্ট দিয়ে খুব মারে। তাই আমি গতকাল খুব গভীররাতে মালিক ঘুমোনোর পর আমি ওখান থেকে পালিয়ে এসেছি। আর ফিরবো না কখনও।

এই বলেই সে ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদতে শুরু করে।

ওকে কাঁদতে দেখে হঠাৎ শ্রীপর্ণার নিজের ভাইয়ের কথা মনে পড়ে যায়। আজ যদি ও বেঁচে থাকতো তবে হয়তো ওর বয়সেরই হতো। (শ্রীপর্ণার ভাই আজ থেকে বছর চারেক আগে এক দুরারোগ্য ব্যাধিতে মারা যায়)। শ্রীপর্ণার দুচোখ ছলছল করছে। সে তার সামনে দাঁড়িয়ে থাকা এই অসহায় ছেলেটির মধ্যে যেন তার ভাইকে দেখতে পাচ্ছে। মনে পড়ে যাচ্ছে ভাইয়ের সাথে কাটানো সুন্দর মুহূর্তগুলোর কথা।

শ্রীপর্ণা আর নিজেকে সামলাতে পারলো না। সে সেই অচেনা, অজানা ও অনাথ ছেলেটিকে ভাই বলে সম্বোধন করে জিজ্ঞাসা করলো,

...ভাই, তোমার নাম কি?

...সন্দীপন।

শ্রীপর্ণা ওর নাম শুনে ভীষণ আশ্চর্য হয়। ওর ভাইয়ের ও তো ঐ একই নাম ছিল!

এরপর শ্রীপর্ণা সেই ছেলেটিকে ডেকে নিয়ে যায় রেস্টুরেন্টের ভিতর। ওর পছন্দমত এবং ও যা যা খেতে চায়, শ্রীপর্ণা ওকে তাই তাই খাওয়ায়। খাওয়া দাওয়া শেষ করার পর ছেলেটি, শ্রীপর্ণাকে উদ্দেশ্য করে বলে,

...দিদি, আমার পেট ভরে গেছে। আর কিছু খাবো না। তুমি খুব ভালো। ঠিক আমার দিদির মতো। আজ তবে আসি, বলেই চোখের নিমেষে রেস্টুরেন্টের বাইরে বেরিয়ে গেল।

"ভাই কোথায় যাচ্ছিস?" বলে শ্রীপর্ণা ওর পিছন পিছন রেস্টুরেন্টের বাইরে এলেও কোথাও কিন্ত সেই ছেলেটিকে দেখতে পেল না।

এরপর ও আর ওর বন্ধুরা রেস্টুরেন্ট থেকে বেরিয়ে আশেপাশে একটু খোঁজখবর নিতেই জানতে পারে যে, এই দু'মাস আগেই এরকম দশ-এগারো বছর বয়সি একটি ছেলে, গভীর রাতে এই রেস্টুরেন্টের সামনেই এক মর্মান্তিক গাড়ি দুর্ঘটনায় মারা যায়।

সেদিনের সেই ঘটনার পর থেকে, শ্রীপর্ণা আজও মাঝেমধ্যে স্বপ্নের মধ্যে কেবল একটি কথাই শুনতে পায়, "দিদি, তুমি খুব ভালো।"

THE RINGTONE

ABHI NASKAR
(B. ED 2ND SEMESTER)

"Open the gate, open the gate!" the man in white yelled. The tall, bulky man in suit who was adjusting the transparent lid on his face rushed to the vehicle and held the door open. Sougata was helplessly leaning on the shoulder of the middle-sized man in white, panting restlessly. He struggled to take a quick look at the van and what he saw inside turned him pale. On the left side, there was a teenager who was shivering in fever and looking extremely tired. Sougata was almost on the verge of collapse.

The entire neighborhood was watching, from rooftops, tiny windows, doorways; the onlookers on road stalled in the midway as if they caught the rare sight of a Polar bear in the city and waiting for it to pass.

Both men in suit took Sougata inside and slowly let him lie on the stretcher. They closed the door and looked at Nilanjana who was standing and watching from the balcony of their flat this whole time but was not allowed to accompany Sougata or come near him.

"He's going to get better ma'am, don't worry. We'll mail you the details ASAP." said the middle-sized man and made a victory sign before nestling himself inside the vehicle. Nilanjana couldn't make out if the man gave a promising smile as his entire body was covered in the suit or was it a perfunctory courtesy he is trained to show to the family members of patients. She just stood there. Her brain wasn't working. Her eyes were seamlessly recording everything in front of her and her brain was falling behind to process the rush of the data. Tear ducts seemed to burst open, every muscle of her body stiffened as if they all declared war against her. A huge part of her was being taken away in front of her by two men in hazmat suit and she couldn't do anything. The siren howled as the ignition of the ambulance started, the vehicle began straight in their alley, took a sharp left and vanished.

Sougata, Nilanjana's fiancé, was struck with COVID-19; the pandemic that was enveloping the globe with its vicious tentacles and the entire proud civilization was scampering around in panic. The organized city was turning into a rabble.

She felt a light grip in her elbow. "Nilanjana, please come inside", Sougata's father said. He took out a handkerchief from his pocket and rubbed gently on her cheeks. She realized she was sobbing.

She came inside like she was on autopilot, oblivious to surrounding. She plopped the hanky on the wooden tea-table & let herself carelessly fall on the single couch next to the bigger one on which his mother was seated with her face turned to the checquered floor. She was completely crestfallen.

An invisible thing which the entire country, or better yet, the entire world did not care about in the beginning put a blanket of gloom all over. The unprecedented and sudden changes around – people stockpiling food and essentials like there's no tomorrow; buying masks like they have been tasked to walk on Eliot's Wasteland, few cursing the residents of Wuhan City seemed like they would really savour the sight of their heads on a big platter, small tea-stalls being worshipped by rockstars and victims of work-from-home who consider themselves to be of no less in importance than that of a CIA agent, discussing the origin and the solution of the pandemic – the deluge of it all came so fast that it was impossible for almost everyone to fathom at once.

"Did they give you details?" Sougata's mother asked staidly. Realizing Nilanjana did not hear a word, Sougata's father replied "They have her number, they'll send the details soon. I've already contacted Dr. Sen. He's five minutes away from the hospital." He quickly took a glance at Nilanjana to check if the mention of Dr. Sen garnered her attention. Her gaze was firmly locked on the floor.

"What have we done?? Why would such a disaster befall us??" Sougata's mother asked his father seated next to her. Her eyes were desperately looking for an answer. He gently put his hand around her shoulder, "I don't know."

"God! Poor kids! They just got engaged a month ago." She almost shrieked in pain.

"I know, I know. In my entire lifetime I have not seen anything like this. I'm as appalled as you are." said his father.

Nilanjana sprang to her feet, "I'm going to take a shower. I can't breathe." She walked towards Sougata's bedroom, opened the door and stalled. The faint smell of Sougata's room filled her, reminded her of the promises they made to each other before lockdown: "When we walk out of this, we'll only have the memories of it. We'll be telling these stories to our children and they'll listen to you with utter disbelief you know!" Sougata firmly said. Nilanjana raised her eyebrow before replying and gently added: "Mr. Chatterjee, FYI, we have date tonight and after that I have to prepare for tomorrow's meeting. And all you are thinking about is children?? Are you insane??" They both giggled.

These were the early days of city-wide lockdown.

Nilanjana threw her phone on the bed before the memories of Sougata drowned her, and scuttled towards washroom.

She walked into the shower and when turned the knob, the water came down upon her in torrents, laving her skin, taking away the patina of successive shocks she had to go through since last night – Sougata suddenly running out of breath, coughing, shivering in high fever, telling her again and again that he loved her, men in hazmat-suit arriving in the morning to take Sougata into hospital and put him in quarantine zone – everything. Quarantine – the thought of it sent an eerie chill down her spine and she rotated the knob more to right, she felt like she was sweating in the shower.

She was reliving every moment spent with Sougata, remembering them, feeling them, visualizing the city and its streets where they made promises – all before the pandemic hit Kolkata and tore it apart. She helplessly saw her beloved city breaking in front of her eyes. The flood of ambulances all over the city, people getting scared of people, cursing each other for being infected - all of it was too much to take in. Slowly people were turning into numbers, 56, 31, 62... What number would she be given for Sougata's bed??

"Nilu ma, are you okay??" the tensed voice of Sougata's mother came.

"I'll be out in a minute." Nilanjana said from shower. It was a long time before she stepped out.

“Your ringtone is really, really bad.” Sougata said reluctantly as she watched Nilanjana read her message. Without lifting her eyes, she said “Why?? I like thi...”

Her phone was already in Sougata’s hand. “Let me customize it.” Finding no proper ringtone for messages and calls, he gave her a few ones from his phone, chose two tones and set them as default. Nilanjana didn’t change her ringtone thereafter.

“Don’t worry ma.” The voice of Sougata’s mother brought Nilanjana from her reverie. She found Sougata’s mother standing in front of her, with a spatula still held in her right hand: “It’ll be alright Nilu. He is going to fight it. I know him since his birth. A mother knows if her child can survive or not! It’s just an instinct. I have seen him fighting everytime he faces a challenge.”

“But ma, it’s not a challenge! It’s a disease caused by a virus! Not a rivalry with colleague or fight with friends.” Nilanjana’s voice was tinged with irritation.

“I don’t know sweetheart. I just know he’s going to recover. My son will return home soon.” Her frail voice seemed to render a shred of hope between their conversation.

“Please Nilu, have lunch here at least.” His mother pleaded. “You haven’t taken anything since last night. Had I heard your panic earlier, I’d have come sooner to your room you know. I’m really sorry. I’m getting old, can’t hear things properly.” Her guilt-ridden face drooped.

“It’s alright ma. At first, I didn’t realize either”. She stopped for a moment. “I can’t eat right now. Just give me some time. My head feels like it’s going to explode. I have to call the hospital. Did anyone call??”

“Your phone buzzed a while ago when you were in the shower!” His mother tensely added.

“What?? Why didn’t you tell me??” Nilanjana angrily growled.

“Well, I thought it was your usual work thing maybe. It buzzed like before. The same usual ringtone” she added quickly.

Nilanjana snatched the phone from the charger and unlocked to check who it was. Her phone flashed ‘You have two new messages’. They were from SSKM hospital. Her heart started pounding outrageously as she tapped on the first message.

"Dear Nilanjana Das, we would like to inform you…" She wasn't reading, her eyes were running to find the alpha-numeric code. "Mackenzie ward… 47" She stopped. That was the bed number of Sougata. "For further query, send message on this number." The message ended.

She hurriedly opened the second message, "Dear… If the condition of the patient improves or deteriorates, we will immediately contact you on this number. Stay alerted for immediate discharge. Stay home. Stay safe."

The image of her fiancé suffering in the hospital, panting helplessly, attended upon by nurses and doctors only, hanging onto life-support - she couldn't bear the image, her eyes welled up.

"What happened??" his mother reluctantly asked. "Nothing" said Nilanjana, "they sent me the details. Sougata is in 47 bed."

His mother stayed silent for a while and then quietly left the room.

. . .

It was five o'clock in the evening. Sougata's father slowly opened the door of their rooftop and found Nilanjana seated at far end of the roof. His both hands were occupied by two cups of tea he prepared. Nilanjana loved it when Sougata's father made tea. He was exceptionally adept at it. But tea only. He'd vanish in the air if someone asked to make a meal or light dinner. But during tea-time, he was the head chef.

Proffering his right hand holding the special tea, he called, "ma". Nilanjana instantly got up: "Pa, why did you?? You could have just told me."

"It's alright. It's a little work out for me in the name of exercise during this Draconian lockdown" he said. A faint smile glistened across her face.

She took a sip, paused a while, took a gander at her tea and said "Again, you nailed it. It's really good Pa." They exchanged a faint smile and both looked at the sun which was taking its leave for the day.

"It's a rather shoddy implementation of lockdown you know." She said in a complaining voice. "I know. But the fact is…" He took a moment "…things have

always been like this in this part of the town." His voice was filled with unwavering note. He continued, "Always decadent and yet beautiful. But never has it ever been under such lockdown. The world will never be the same I'm afraid."

"Pa you remind me of Murakami" said Nilanjana. She took another sip and added: "Countless lives are falling prey to conspiracy theories, blame game, border-tension all of which are being bruited about in the air! I'd say more people are falling sick due to the terror unleashed months ago than the virus itself."

"I agree, and all these are mostly sponsored by sages who are graduates from WhatsApp university and take refuge in the tea-stalls like Chotu's." He pointed towards the corner of their alley where the faint light of the makeshift tea stall was partially visible. The recent visit of cyclone Amphan wreaked havoc upon the city's heart, and its wrath not only denuded the city of its trees but flattened almost every small food stall. Chotu had to make a makeshift stall to keep the flow of few customers coming. Most customers remained locked in houses. Families of small-scale business like Chotu's were left on their own.

"And Pa I know I said I'd go back to my place today, but couldn't. Would you mind if I stay here a couple of days more?? Plus, who'd look after you guys here. You must need an errand girl" she said sarcastically.

"Ma, we are grateful to have you here. We couldn't continue alone, especially when Sougata ...."

"Nilu, it's the same ringtone again. Must be from the hospital." voice of Sougata's mother came from downstairs. Nilanjana instantly put the tea on the parapet and ran to pick up the phone. As soon as she got her hands on the phone, a known voice came from the other side.

"Hey, wassup!" It was Sougata. The sudden chirpy voice brought a genuine laughter on her face.

"How are you now?? Is your breathing okay?? How's your fever??" She was throwing questions without pause. Negative thoughts and intermittent sobs racked her inside so much, an ounce of positivity could throw her into the pool of anxiety and pain.

"Calm down, sweetheart. I'm doing just fine. Feeling much better now." Sougata's words poured a bucket of ice cube over the ashes that was burning inside her.

"I can't wait to see you, you know. The last ten days have been hellish! I just want you to come home." Something inside choked her voice.

"I'm coming home sweetheart. Don't worry. The doctor said the virus is out of my system." He waited for a response and there was none. She was sobbing in joy. He added, "I'm coming back. I'll be discharged within a couple of days." Nilanjana felt a huge weight being levitated from her chest.

The next couple of minutes witnessed talking, giggling, and exchanging a few medical details and Nilanjana couldn't help telling him the alarming number of infected patients in India. Sougata went silent for a while. A solemn and calm voice tinged with worry said: "Nila, please stay safe."

"Don't you worry. I'm safe. No coming in and going out. By the way, I stayed at your place this whole time. Couldn't leave your parents all on their own."

"Thank you, Nila. Thank you so much for looking after them while I'm in the hospital."

"You're very poor at courtesy you know! What kind of fiancé thanks their would-be wife??" Nilanjana said. She heard a gleeful chuckle from Sougata's side.

………………………………………………………………………………………………

It was 2 AM on Friday night and Nilanjana couldn't sleep. She was restlessly squirming on her bed, unlocking her phone again and again. She was waiting for a call from the hospital. Two days ago, Sougata's symptoms started again. This time there was no fever but panting increased, and his legs were swollen. Last time she had a conversation with Dr. Sen, his voice was as clueless as hers. He couldn't explain the reason.

He mildly told her, "Look Nilanjana, we are recording every bit of data from almost every patient, trying to find the pattern, trying to draw a full circle so that we can work on the vaccine. Please give us time. The whole world is doing their best. Sougata will get better." Then he hung up and Nilanjana found herself in the midst of eternal silence.

She took a glass of water, came back to bed and unlocked her phone again but there was nothing; neither a call, nor a text message. The tide of memories with Sougata was almost about to break the restraints of her eyes. And as the light of her phone went dark due to inactivity, the ringtone broke the silence of the room with its deafening shriek. She couldn't hold any longer. Two drops trickled down Nilanjana's moist cheeks and fell upon the pillow held on her lap. She instantly swiped right.

"Hello?" she said.

টিউশন বিভ্রাট

সম্রাট দাস
(B. ED 2ND SEMESTER)

এই ম্যাগাজিনের অনুভব পরিকল্পনা যখন ভাবা হয়, সবার মত আমাকেও কিছু লিখতে বলা হয়। অনেক ভাবনা এবং অনেক ধূমপান করার পর, লকডাউনের এই বাজারে মাথার পোকাটা অবশেষে নড়ে উঠল। মালটা বেশিরভাগ সময় ঘুমিয়েই থাকে। ভাবছি একটা রম্যরচনাই লিখে ফেলি। কিন্তু এতে আমার ভাষার প্রয়োগ এবং সাবলীলতা পূর্ণেন্দু পত্রির মতো বা চন্দ্রিলের মতো সংযতশীল খিস্তি খেউরের আশা করবেন না। ঠিক একজন ২৯ বছর বয়সি, ফ্রাস্ট্রেটেড বি.এড ছাত্রের মতোই আশা রাখবেন। প্রথমে লেখা শুরু করেছিলাম একটা বেদনাদায়ক গল্প দিয়ে, যেমনটা আমার মাথায় প্রায়ই আসে আর কি! কিন্তু তারপর ভাবলাম লাইফে এমনিতেই এত বেদনা, তা দিয়ে ম্যাগাজিনের পাতা আর চোখের জলে ভিজিয়ে লাভ নেই। একটু আমার অভিজ্ঞতা গুলো নিয়েই বা আমাকে নিয়েই হাসি ঠাট্টা চলুক।

বি.কম করার পর একটা বিপিওতে চাকরি নিই। ঐ সেক্টর ফাইভ গোছের হাই-ফাই অফিস আরকি! অফিসে ঢোকার আগে যেভাবে প্রতিদিন চেকিং হতো, মনে হতো যেন ইন্ডিয়া-পাকিস্তান বর্ডার। বাথরুমে অত্যাধুনিক সব যন্ত্রপাতি, কল, হ্যান্ড ড্রায়ার , আরও কতকি! কমোডে বসলে একটা মিউজিক হতো, আর আমি প্রায়শই ওটা শুনে ঘুমিয়ে পড়তাম (নাইট শিফট ছিল কিনা)। তো এই রংচঙে মাল্টিন্যাশানাল অফিস মাইনে দেওয়ার বেলায়, কালিঘাট মন্দিরের বাইরে বসে থাকা ভিখারিদের মতন হয়ে উঠত।

একেই এত কম মাইনে, তার উপর দেখি যেই Shuttle এ করে ভোরবেলা বাড়ি ছেড়ে দিত, মাসের শেষে মাইনে থেকে ওটারো হিসেবে করে টাকা কেটেছে। অগত্যা HR এর শরনাপন্ন হলাম। কম্পানির নাকি আমরা সন্তান। কম্পানির পাশে আমরা দাঁড়াব নাতো কি পাশের বাড়ির ছেলে দাড়াবে? ইত্যাদি কথা এত গলা কাঁপিয়ে HR বলে গেল যে, আমার নিজেরই চোখে জল

চলে এলো। আহারে! বেচারা কোম্পানি! আমেরিকাতে মনে হয় Board of Directors, CEO, CFO সবাই আলু সিদ্ধ ভাত খেয়ে আছে। থাক্, আমার মাইনে না হলেও চলবে।

তো এভাবেই আমি আমার কর্পোরেট জীবনের ইতি টানি মাত্র দুমাসেই। বুঝলাম টিচিং ফিল্ড টাই আমার ভাললাগার জায়গা। তাই অফিস ছাড়ার পর মাস্টার্স করার সাথে সাথে প্রাইভেট টিউশনিটাও পুরোদমে শুরু করি। তো সেখানেও নানা রকম অভিজ্ঞতার সম্মুখীন হই। এক সাংঘাতিক পশ্চাৎপাকা ছেলেকে পড়াতে যেতাম। পড়াশুনায় মন আনা ছিল আমার কর্তব্য, আর ওর লক্ষ্য ছিল কীভাবে ক্লাস কাটানো যায়। অগত্যা, প্রায়ই পেট ব্যথা, মাথা ব্যথা, গলায় আঙুল দিয়ে বমি, এসবে আমি অভ্যস্ত হয়ে গেছিলাম। একদিন ক্লাস করাতে গিয়ে দেখি বাড়ির সামনে দাঁড়িয়ে, এক বন্ধুকে নিয়ে।

'স্যার, ঠাকুমা আজ সকালেই.............'।

ওর বন্ধু দেখি সান্ত্বনা দিতে দিতে আর এক দিকে নিয়ে গেল।
আমায় বলল বাড়ির সবাই হসপিটাল এ আছে, আর তাকে তক্ষুণি সেখানে যেতে হবে। আমাকে বলার জন্যই বাইরে অপেক্ষা করছিল। পরের ক্লাস নিতে গিয়ে যখন স্বয়ং ঠাকুমা দরজা খোলে, তখন আমার অবস্থাটা বুঝতেই পারছেন – প্রায় ভিরমী খাবার জোগাড়।

আরেক ছাত্রীকে পড়াতে গিয়ে অন্যরকম অভিজ্ঞতা হয়েছিল। আমার সামনে দেখতাম প্রতিদিনই সেজেগুজে পড়তে বসত। ছাত্রীর মাও মনে হয়, তার মেয়ের এই বেগতিক লক্ষ্য করেছিলেন। একদিন ছাত্রী আমায় বলল- 'স্যার, আপনি তো খুব সিনেমা দেখেন, তো আমি Avengers সিনেমার দুটো টিকিট কেটেছি। কাল দুপুরের Show, চলুন না একটু ঘুরেই আসি।' বলা ভাল কয়েকদিন বাদেই পরিনীতা সিনেমাটি বেড়োয় এবং ছাত্রীর মা আমাকে একজন শিক্ষিকা জোগাড় করে দিতে বলেন।

তবে মর্মান্তিক ঘটনা ঘটেছিল এক ব্যবসায়ীর ছেলেকে পড়াতে গিয়ে। এক মাস পড়ানোর পর যখন মাইনে দেবার দিন আসে, দেখি উনি আমার সামনে একটা লাল রঙের খাতা নিয়ে বসলেন, ঠিক মুদি দোকানে যেমন থাকে আরকি! তারপর বললেন – 'তুমি কেবল আটদিন পড়িয়েছ এই মাসে। যেটা হয় তোমার কথামত মাসে ১৬০০। এই আটদিনে তোমায় রোজ কচুরি, তরকারি আর একটা করে সন্দেশ দেওয়া হয়েছে'। যার হিসেব হল এই, বলে খাতাটা আমার দিকে এগিয়ে দিলেন। আমি দেখলাম তাতে লেখা রয়েছে আমার এক মাসের মাইনে যেটা হল ১৬০০ টাকা।

তার থেকে প্রত্যেক ক্লাসের ১৫ টাকা করে কাটা। আবার এক্সট্রা কচুরির কিছু দামও এর সাথে যোগ করা। সব শেষে প্রত্যেক দিনের সন্দেশ এর টাকা। হিসেব-নিকেশ করে টাকার অঙ্কটা দাঁড়িয়েছে ১৩৮২ তে।

এই দেখিয়ে তিনি আমার হাতে ১৪০০ টাকা দিলেন। আর বললেন যে, অতিরিক্ত ১৮ টাকা পরের মাসে কেটে নেবেন। বলা বাহুল্য, আমায় ভাগ্যিস Cold Drinks বা Juice খেতে দেয়নি বা কোনোদিন দুপুরে খেয়ে যেতে বলেনি, নয়তো উল্টে হয়তো আমাকেই টাকা দিতে হতো।

আশা করি যে ভবিষ্যতে স্কুলে চাকরি পেলে এরকম অনেক ছাত্রছাত্রীর শরনাপন্ন হতে হবে। শিক্ষক এবং শিক্ষিকাদের কর্তব্য হলো সঠিক অনুশীলনের মাধ্যমে তাঁদেরকে এগিয়ে নিয়ে যাওয়া, সে যতই বাঁধা-বিপত্তির সম্মুখীন হতে হোক কেন এবং নিজের দায়িত্ব পালন করে ওদের বৈচিত্র্যময় ভবিষ্যতকে আরও উজ্জ্বল করে তোলা। সহপাঠীদের এই অদম্য ও অনুভব প্রচেষ্টাকে কুর্নিশ জানাই।

EFFECTIVE COMMUNICATION

ASHISH KUMAR SHAW
(B. ED 2ND SEMESTER)

Are you talking at your child or talking with?

The most important question parents and teachers must ask themselves before proceeding with our conversations further.

Why effective communication is so important?

– Spare a moment for the above questions, because you already know the answer. Yes, you do!

To broaden the horizon of your knowledge, come let's go through it together.

All other skills revolve around this one vital skill. You can call it a hub of a wheel. You can polish other skills of your child effectively with an effective communication or a conversation with your child.

Your child's changed attitude towards you speak volumes of what he must have been going through mentally and emotionally. A proper conversation with your child would help in coining out a probable solution. So, you have, already nipped the problem in the bud itself.

When things get rough, it will save your relationship with your 'Flower'.

Remember, you are a parent and not a boss. So, keep your ego and things of these sorts at bay, while dealing with your child.

Below, two situations have been stated to further the cause of this piece and, decide by yourself which one you would go for.

● SITUATION 1:

5.00 pm Student: May I go to drink water?

Teacher: Go.

5.20 pm Student: Sir, want to have water.

Teacher: Go, but come fast. Don't waste any time.

5:45 pm Student: Sir......... Water!

Teacher: What's wrong with you? No, you won't. Sit quietly until the class is over.

Student: (Visibly scared with head facing the floor).

● SITUATION 2:

5.00 pm Student: May I go to drink water?

Teacher: Sure.

5.20 pm Student: Sir, want to have water.

Teacher: Yes, please. Come soon, Sam.

5.45 pm Student: Sir.......... Water.

Teacher: Yes, go! (*Pondering*)

5.50 pm Teacher: Sam, listen, if you take a break every now and then, don't you think we would lose on an ample amount of our valuable time? Since we have a lot to study together.

Student: Yes, Correct Sir. But I am thirsty.

Teacher: Let's find a solution together. Okay?

Student: Let's do it.

Teacher: Have a glass of water before I arrive. You will be allowed to take a break only twice. Okay?

Student: Sure, Sir.

Teacher: **High five!!**

By this time, you must have, already, figured it out which one is more appropriate.

In the first, the child ended up being frightened and confused. No solution at the fag end.

Whereas, in the second, finding a way to the solution was a two-way process without compromising on the mental well-being of the students and most importantly without hampering the teacher-student bond.

Stay Aware, Parents and Teachers.

Thanks.

অস্তমিত লাবণ্যে

কৃষ্ণেন্দু মন্ডল

(B. ED 2ND SEMESTER)

(নিম্নোক্ত কাহিনীর সকল চরিত্র কাল্পনিক এবং এর সাথে বাস্তবের কোনো ঘটনার কোনওরকম সম্পর্ক নেই। যদি কোনো ঘটনার সাথে কোনও মিল থেকে থাকে তা নিছকই কাকতালীয় ও অনিচ্ছাকৃত।)

One Sun sets so that we can have another beautiful sunrise at dawn.

(১)

শেষ কয়েকদিনের নিষ্পত্তিটা একটু যেন অস্পষ্টই থেকে গেল। অগ্নি নিজেও ব্যাপারটা ঠিকমতো ঠাহর করে উঠতে পারল না। এতগুলো ঘটনাপ্রবাহ একই সাথে অল্প সময়ের ব্যবধানে ঘটে গেল হয়তো বিধিরই উপহাস্য কোন ছলনায়। গতকাল সে যখন বাজার থেকে ফিরছিল তখনই বুম্বাদার চায়ের দোকানে শুনল, পাশের পাড়ার অবনীবাবুর মেয়ে, পৃথার বিয়ের পাকা দেখা চলছে। বুকে একটা হাতুড়ি পড়ার অনুভূতি হল অগ্নির। কোথাকার পাত্র! কি করে! আর জানতে ইচ্ছা করলো না অগ্নির। উঠে চলে এলো ও। আজকাল কোনো কিছুই আর ভালো লাগেনা ওর। বাবা চলে যাওয়ার পর থেকেই এই অদ্ভুত বোধটা কাজ করে চলেছে ওর মধ্যে। কি যেন দেখেছিল সেদিন ফেসবুকেতে। কেউ একটা পোস্ট করেছিলো যে, এই ধরনের মেন্টাল স্টেট কে একটা terminology দিয়ে define করা যায়, যার বাংলাটা অগ্নি জানে- "অন্তঃসারশূন্যতা"। বাড়ি এসে, অগ্নি কুয়ো থেকে জল তুলে স্নান সারল। তারপর আহ্নিক সেরে চাল-ডাল-আলু সিদ্ধ চাপিয়ে দিল উনানে। অপটু হাতে এর বেশি আর সে আয়োজন করতে পারে না। একটু পরে পূজো করতে বেরোতে হবে। ঝটপট তৈরি হয়ে নেওয়াটাই ভালো।

(২)

মুম্বাই নিয়ে আলাদা একটা obsession আছে অগ্নির মধ্যে। না বলিউডে আগ্রহী নয় ও, ওর আগ্রহ বাণিজ্যে; মুম্বাই যে বাণিজ্যের স্বপ্ননগরীও বটে। যাবতীয় বিজনেস টাইকুনদেরও বাসভূমি। বাঙালির অব্যাবসায়িক দিকটার ও সম্পূর্ণ পরিপন্থী। ছোটবেলা থেকেই বিজনেস নিয়ে একটা পজিটিভ intent ওর মধ্যে কাজ করে। Idol হিসেবে সেই আচার্য প্রফুল্ল চন্দ্র রায় থেকে হালের সেনকো গোল্ড এন্ড সন্স, সবাই-ই। ইউটিউবে নিয়মিত Dan Lok-এর ভিডিও দেখে আর বাড়তি প্রেরণা খোঁজার চেষ্টা করে। বিবেকানন্দ কলেজ থেকে অ্যাকাউন্টান্সি তে অনার্স করেছে ও। ইচ্ছে আছে MBA করার। রোজ সকালে সাইকেলে করে কলেজে যেত। ১৫ মিনিট লাগতো ওদের এই কলাগাছিয়ার কলোনি থেকে। বাবার ডাকে ঘুম ভাঙত, তারপর ফ্রেশ হয়ে চা খেয়ে বেরিয়ে পড়তো, মর্নিং কলেজ কিনা! কলেজের বন্ধুরা, আড্ডা, মাঝে মাঝে সবাই মিলে ৪০বি তে করে সাউথ সিটি, লেক গার্ডেন্স যাওয়া, সবই কোথায় বিস্মৃতির অতলে হারিয়ে গেল হঠাৎ করেই। কলেজ স্মৃতি ওর কাছে খুবই অমলিন। এখনও দু'বছরও হয়নি, কিন্তু কোথা থেকে কি যে হয়ে গেল! আচ্ছা এইরকম স্বাধীনতা কি আর ফিরে পাওয়া সম্ভব? কোনো কিছুর বিনিময়ে? তাহলে অগ্নি সেটা যেকোনও মূল্যে ফিরে পেতে চাইতো। সেদিনের সেই জেদ ও অদম্য স্পৃহা, আজ যেন স্রেফ থেমে গিয়েছে কোথাও।

(৩)

কাল পূজা সেরে ফেরার পর থেকেই অগ্নির শরীরটা আর ভালো লাগছে না। সেই যে বিকালে এসে বিছানাতে গা এলিয়ে দিল, তারপর থেকে সবটাই যেন শূন্য। চোখের সামনেটা টানা ১৬ ঘণ্টা ধরে ঝাপসা হয়ে আছে। সন্ধ্যারতি, সকালের যপ কিছুই করতে ওঠেনি। ওদের পৈত্রিক যজমানরা হল হাঁসপুকুর অঞ্চলের বর্ধিষ্ণু রাজবংশী পরিবার ও আশেপাশের কিছু শ্রমজীবী সম্প্রদায়ের মানুষ। ওর বাবা অশ্বিন প্রসাদ কুশারী, মূলত এই হাঁসপুকুর, মিলিটারি ক্যাম্প ও সামালির দিকটাতেই পূজা করতেন। পূর্ববঙ্গের

যশোর জেলা থেকে ওর ঠাকুরদাদাই প্রথম এখানে চলে আসেন এবং বংশানুক্রমে প্রাপ্য এই প্রথাকে নিজের তথা বংশের পেশা হিসেবে বেছে নেন। সেই থেকে ওর বাবাও সেই কর্তব্য অত্যন্ত নিষ্ঠার সাথে পালন করে চলেছেন। মাঝে কিছুদিন LIC এর এজেন্ট হয়েছিলেন, তাতে খুব একটা যে সুবিধা হয়নি সেকথা বলাই বাহুল্য। কাজেই কুশারীমশাই নিজের ব্রাহ্মণত্ব প্রসারেই বেশি মনোনিবেশ করেন। 'কুশারী' পদবিটি শ্রেষ্ঠ পৌরহিত্যের প্রকাশক নয় যদিও, তবুও একটা প্রচ্ছন্ন গর্ববোধ কাজ করতো অশ্বিনবাবুর মধ্যে। বলতেন, স্বয়ং বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্বপুরুষরাও যশোর থেকে 'কুশারী' পদবী নিয়েই কলকাতায় পাড়ি দেন। পরবর্তীকালে 'ঠাকুরমশাই' সম্বোধন থেকে তাঁদের পদবী 'ঠাকুর' হয়ে যায়। অশ্বিনবাবুর বৈকুণ্ঠধামে গমন এই ২১ দিনে পড়ল। চলে যাওয়ার মাত্র দুদিন আগেও, অগ্নিরূপকে সম্বোধন করে বলেছিলেন- "দেখ বাবা! জীবনটা বড়ই কঠিন, সুতরাং বাস্তববাদী হও”। অগ্নি যে বাস্তববাদী নয়, সেরকমটা কিন্তু না। ও সদাচারী, নিষ্ঠাবান ও খুব হিসাব করেই চলে। অন্যান্য বন্ধুদের মত অবহেলা করে না কোন জিনিসকে। তাও যে বাবা কেন কথাটা বলেছিলেন- সেটা তখন না বুঝলেও, এই মুহূর্তে এসে নির্লিপ্ত পরিসরে উপলব্ধি করতে পারছে ও। শ্রাদ্ধবাসরে পাড়ার লোকেদের ও সামান্য আত্মীয়দের পিছনে সামাজিকতা রক্ষা করতে গিয়েই সঞ্চয়ীকৃত রাশি প্রায় নিঃশেষ। প্যান্ডেল ও ডেকোরেটার্স দের ভাড়া মিটিয়ে ওর হাতে মাত্র ক'টা টাকাই সম্বল। সেই দিয়ে কয়েক সপ্তাহ চলতে পারে। অতঃপর? ও জানে এভাবেই হয়তো পূজারী হয়েই ওর জীবনটা কেটে যাবে। ওর, ভাত কাপড়ের অভাব হয়তো হবেনা, কালীমন্দিরের শংকরদার মতো। বেশী উচ্চাকাঙ্ক্ষা আসছে না এখন ওর। ছোটবেলায় পড়া ডারউইনের "Struggle for Existence" কথাটা আজ অত্যন্ত পরিস্ফুট আক্ষরিক অর্থেই।

আচ্ছা, আন্তরস্তিতার পরবর্তী ধাপ কি কোনও ক্ষয়িষ্ণু পথের আগম-কে প্রশস্ত করে?

(৪)

অগ্নি ও পৃথার সম্পর্কটা নয় নয় করে ছ'বছরের। সেই ক্লাস ইলেভেন থেকে। কো-এড স্কুলে পড়লে যেমনটা হয়! তবেও সেটা নেহাতই পদস্খলন ছিলনা। পৃথা জীবনে আসার পর সবকিছুই কেমন আমূল পরিবর্তন হতে শুরু করে। একটা কিছু করার তাগিদ ভীষণই অনুভব করে। বাড়তি মোটিভেশন কাজ করতে থাকে সবসময়। জন্মাবধি মাতৃত্বের আস্বাদহীন এই রুক্ষ ছেলেটার বালুকাময় হৃদয়ে মরুদ্যানের স্পর্শ নিয়ে এসেছিল পৃথা। সবকিছু ঠিক ছন্দে চলছিল, শুধু পৃথার বাবা অবনীবাবুর দারোগা স্বভাব কিছুটা বাধ সেঁধেছিল। কিন্তু তাও অগ্নির অদম্য উৎসাহ তাদের প্রবহমান ভীতের উপর কখনো ভাটা পড়তে দেয়নি। শেষ কয়েকমাস যদিও কিছুটা আন্দাজ পাচ্ছিল অগ্নি। যেন রুদ্রবীণার ঝংকার নেমে আসছে, তাল কাটছে কোথাও। কিন্তু ব্যবহার, মান-অভিমান, অভিযোগ-অনুযোগ এসবই তো সম্পর্কের একপ্রকার অঙ্গ। তাই এতটা দুরাশা সে কল্পনাও করেনি। অগ্নির বাবা ঠিক তিন সপ্তাহ আগে যখন পূজা সেরে দুপুরে আসছিলেন, সাইকেলে মিলিটারি ক্যাম্পটা সবেমাত্র পেরিয়েছেন, তখনি শশব্দে ভূপতিত হলেন। তখনই বোধহয় দৈব-এর ভ্রূকুটি, ওর আর পৃথার মাঝে একটা অমোঘ দ্বার নির্মাণ করে দিয়েছিল, যার স্থিতিশীলতা প্রশ্নাতীত। বিদ্যাসাগর হাসপাতালে যখন নিয়ে যাওয়া হলো তখন সব শেষ। ডক্টর চলে যাওয়ার সময় বললেন, Cardiac Arrest। কান্নার পিণ্ড যখন কোনওক্রমে চেপে ক্যাওড়াতলা থেকে অগ্নি ফিরল, একটা আশ্রয়স্থলে যাবে

ঠিককরে রেখেছিল। তার আজন্ম পরিচিত চিরন্তনের প্রাঙ্গন। কিন্তু বাড়ি এসে অগ্নি মোবাইল চেক করল, একটা হৃদয় বিদারক টেক্সট, পৃথার :

অন্য সময় হলে অগ্নি ওকে আগেরবার গুলোর মতোই ঠিক মানিয়ে নিতো। এই এবার পুজোতেই তো কত ঝামেলা, ঝগড়া-ঝাটি। কিন্তু সব নেগেটিভিটিকে সরিয়ে রেখে অগ্নি সুন্দরের উপাসনাতে ভরিয়ে ঠিক মানিয়ে নিয়েছিল অন্তঃপুরের অধিবাসিনীকে। কিন্তু সেই মুহূর্তে পৃথিবীটাই যেন একটা বিস্ময়কর স্থান বলে অবলোকন করলো অগ্নির পিছনে। এই সাযুয্যতার সাথে আপোস করা ভ্রাম্যমান কোন মরীচিকার অবগাহনের সামিল বলে মনে হলো অগ্নির।

ভ্রান্তিবিলাস এর অতিরঞ্জিত পরাকাষ্ঠা কী কোনোরকম বালখিল্যতার পরিচায়ক?

(৫)

আজ দুপুরে কোনক্রমে অপরিমিত দেহে অগ্নি বের হল। মাথাটা ভার, জানেনা কোথায় যাবে! ঠিক করলো সাহসের সাথে নিজের পায়ে দাঁড়াবে সে। হঠাৎ Dan Lok-এর ভিডিওতে দেখা একটা কথা মনে পড়ল- "**নিজের স্বপ্নের মধ্যে নিজেকে মিশিয়ে দাও, যাতে তোমার সামনে থাকা সামান্যতম বস্তুও তোমার স্বপ্নরাজ্যের প্রথম সোপান হিসেবে পরীগ্রহ করে।**" অগ্নি যে পুরোপুরি জিনিসটার সারমর্ম বুঝেছিল তা ঠিক পরিষ্কার নয়। কিন্তু তার ঠিক পরেই ওর মনে হলো 'ডেস্টিনেশন'টা বড় কথা নয়। ওর ইমাজিনেশন টাই আসল। কাজেই সোজা চলে এলো হাওড়া স্টেশনের নতুন প্লাটফর্মে। তখন সন্ধে ৬টা। সেই থেকে বসেই আছে, আর মাথার মধ্যে অবিরত ঘুরে চলেছে ভাবনার অবিমিশ্রিত স্রোতরাশি। রাত ১১টা নাগাদ চক্রধরপুর-বোকারো স্টিল সিটি প্যাসেঞ্জার ট্রেন ছাড়লো। অগ্নি কেন জানি ওটার জেনারেল কম্পার্টমেন্টে উঠে বসল টিকিট ছাড়াই। ভোর আন্দাজ সাড়ে চারটা নাগাদ বাঁকুড়া ষ্টেশনে নেমে গেল। হয়তো ভেবেছিল মুম্বাই যাবে, কিছু খেয়ালি অন্ধকারের পরশ ওর মধ্যেকার চেতনাকে গ্রাস করছে। চিন্তাশক্তির উপর থেকে ধীরে ধীরে কন্ট্রোলটা হারিয়ে যাচ্ছে অগ্নির। আজকাল Mental Health, Stress, Depression নিয়ে অনেক কথা হচ্ছে, কিন্তু সেটা অ্যাপ্লাই করবার মতো প্রকৃত স্থান ও লোক প্রয়োজন।

বর্তমানে অগ্নি নিজে সেই জায়গায়। বাঁকুড়া স্টেশনে কিছুক্ষণ পায়চারি করে সকালের ফাস্ট কার্ড বাসে ছাতড়া এল। কোর্টের সামনের মাঠে বসে রইল সকালটা। মাঝে পাশের দোকানে চপ-মুড়ি খেল। তারপর সেখান থেকে একটা ছোট অটোতে চেপে বসল।

(৬)

মুকুটমণিপুর ড্যাম এ একজন অ্যাকাউন্ট্যান্ট লাগবে তা নিয়ে একটা রিক্রুটমেন্ট নোটিশ আজ বেরিয়েছে। মূলত ড্যামের পাশেই কোয়ার্টার। যে সংস্থাকে দায়িত্ব দেওয়া হয়েছে রক্ষণাবেক্ষণের তাদের অধীনেই কাজ। এসব রিক্রুটমেন্ট এর কথা কোথাও সেভাবে বেরোয় না, সবই ভিতরে ভিতরে। প্রাত্যহিক টহলদারি সেরে পঞ্চাশোর্ধ সিকিউরিটি চিফ মিঃ রুইদাস ডিউটিগুলোকে ভাগ করে দিচ্ছিলেন জনা তিনেক গার্ডদের মধ্যে। শরীরটা আজ ভালো নেই তার। বাড়ি থেকে আসার সময় মেয়ে লাবণীও বলছিল যে "বাবা বেশি রোদে আর বেরিও না আজ"। লাবনী এবার বাঁকুড়া মিশন গার্লস থেকে উচ্চমাধ্যমিক দিল। এবছর জয়েন্টের রেজাল্টের জন্য অপেক্ষা করতে করতে আর কলেজ ভর্তি হওয়া হল না। এদিকে rank খুব একটা আহামরিও হয়নি, তাই ঠিক করছে পরের বছর কলেজে অ্যাডমিশন নেবে। মা মরা এই মেয়েটাই একমাত্র চিন্তা তথা সম্বল মিঃ রুইদাসের। ডিউটি বুঝিয়ে দিয়ে এমনিই টহল দিতে দিতে ড্যামের পড়ন্ত গোধুলিকেই প্রত্যক্ষ করছিলেন মিঃ রুইদাস আর সাতপাঁচ ভাবছিলেন। হঠাৎ দূরের পশ্চিম কোণে ব্যারিকেডের সামনেটায় তার দৃষ্টি নিবদ্ধ হল।

(৭)

পড়ন্ত গোধূলির শেষ সোনালী আভায় চকচক করছে মুকুটমণিপুরের বিস্তৃত জলাধার। জলের নৈকট্য যেন তাঁকে, মুম্বাইয়ের জুহু বিচ কে মনে করাচ্ছে। বাধাহীন কৈশোরের সীমানা পেরিয়ে উদভ্রান্ত এক আলোকশিখার দিশারী, নিয়ত কোনো সত্ত্বা সেই ভাবের আঙ্গিকে নতুন করে একটা অনুভূতির সঞ্চার করে। আরব সাগরের সদা ছুটন্ত জলরাশির দু-একটা বিন্দুর স্পর্শও যেন অগ্নি অনুভব করে নিজের চোখে মুখে। মুম্বাইয়ের স্বপ্নপুরীকে যেন এক অতীন্দ্রিয় মিলিয়ে দিয়েছে এই অর্ণবরাশির প্রাণোচ্ছলতার সাথে। যদিও সে ভঙ্গিমা রুঢ়, শুষ্ক; কিন্তু তাও এ তার নেত্রযুগলকে ভ্রান্ত

করে।যে অটোতে অগ্নি উঠেছিল সেটির গন্তব্য ছিল ছাতড়া বাসস্ট্যান্ড। সেখানে পৌঁছে অগ্নি কিছুটা চকিত হলো, চারিদিকের কোলাহলে, চিৎকারে, যান্ত্রিক শব্দের তাড়নায় ও ভীষণ বিমর্ষ বোধ করতে শুরু করলো। ঠিক তখনই রঘুনাথপুর রূটের একটি বাস ছাড়ার সময়, কন্ডাক্টরের হাঁকের সাথে পাল্লা দিয়ে পুরুলিয়ামুখী লোকজন চরম আতিসজ্জে, নিজেদের ঘর্মাক্ত কলেবর দিয়ে বলপূর্বক প্রসারণের দ্বারা অগ্নিকে ক্রমাগত, বাসের সম্মুখে এনে ফেলে ।অতঃপর অগ্নিও, সেভাবে আর বাধা দেয় না। সমস্ত চালিকাশক্তি তার মধ্যে তখন বিচারবিমুখ শ্লঘার জন্ম দিয়েছে।তখন অগ্নি কিংকত্রব্যবিমূঢ়ের মতো বাসে উঠে একটা সিট বেছে নেয়। বাসের প্রবহমান গতির সাথে সাথে ওর মধ্যে কেমন যেন বেগহীনতা প্রদীপ্ত হয়, অগ্নির বুদ্ধির অগোচরে । এভাবে ১৫ কিমি যাওয়ার পর, এই মুকুটমণিপুর ড্যাম আসে, বিকেলের সুনির্মল রৌদ্রস্নাত বারিকূল ওর প্রেষণাকে উদ্দীপিত করে তোলে। এক লহমায় অগ্নি আরও এক যাত্রীর সঙ্গে সেখানেই নেমে পড়ে। তারপর থেকেই ও ভিতরে ঢুকে এই নির্জন পাড়টার সামনে এসে বসে আছে । এই প্রগূঢ় একাকীত্বকে অগ্নি আকণ্ঠে পান করতে চায়, ডুব দিতে চায় সম্পূর্ণরূপে। তার সামনে বাঁশের ভেড়ি, সেখানে রাখা দুটি বোট, ট্যুরিস্টদের মনোরঞ্জনের জন্য। যদিও তখন বোটিং বন্ধ, কাজেই পশ্চিমের এই প্রান্তটা একেবারে খালি। অগ্নির কিছুটা হালকা লাগতে শুরু করেছে এবার, এক পশলা মিঠে বাতাস প্রানটার বিকুলি জুড়িয়ে দিয়ে চলে গেল। ধীরে ধীরে উঠে যায় সে, 'সিন্ধু' তার স্পর্শের জন্য যে আকুল। ঝপ! ক্ষনিকের নিস্তব্ধতা ভেঙ্গে যে শব্দ এসে পৌঁছালো গার্ডদের ছাউনির দিকে। ওদিকের ব্যারাক থেকেও ব্যাপারটা কয়েকজন দেখল। আগেও যে এই ধরনের ঘটনার সাক্ষী তারা।

(৮)

মিঃ রুইদাস হঠাৎ দ্বিধাবিভক্ত হয়ে পড়লেন। পশ্চিমাংশের বোট-রেলিং এর পাশ দিয়ে তখন একজনের নিমজ্জিত দেহষ্ঠব দৃশ্যমান। তিনি জলদি একটা ফোন করে অ্যাম্বুলেন্স আনতে বলেন হেডকোয়ার্টারে এবং তৎক্ষণাৎ পড়ে থাকা সিকিউরিটির জন্য বোট-টা

নিয়েই চালিয়ে দেন পশ্চিমের ও পাটাতনের বাম পাশটা লক্ষ্য করে। অপটু অগ্নির দেহটা যখন সামান্যতম অক্সিজেন পাওয়ার তাড়নায় আছাড় খাচ্ছে এবং দেহের স্বাভাবিক নিয়মেই অঙ্গ সঞ্চালন করে চলেছে, পিছন থেকেই কিছু লোক তারস্বরে চিৎকার শুরু করে দিলেন। অনেকেরই দৃষ্টি আকর্ষিত হল তার ফলে, সকলেরই গন্তব্য এখন এক। মিঃ রুইদাসের হুইসেলের সতর্কধণী তখন অগ্নির ডুবে থাকা কর্ণরন্ধ্রের মধ্যে এসে প্রতিধ্বনিত হল। তার মনে হল মুম্বাই পোর্টে কোনো বাণিজ্যতরী ঢোকার সাইরেন বাজছে। পরম প্রসন্নতায় মিশে গেল তার অবচেতন, ক্রমে ম্রিয়মান হতে থাকা দেহ এক অতলান্তের মাধুর্যে ভরে উঠলো।

পুনশ্চ: মিঃ রুইদাস যখন অগ্নির কাঠিন্যময় দেহটা তার কলেবরে নিয়ে কিছু সহানুভূতি সূচক শব্দকে উপেক্ষা করে অ্যাম্বুলেন্সের উদ্দেশ্যে রওনা দিলেন, মেদুরতায় আচ্ছন্ন একটি স্থির কর্ণপটহ ভেদ করে দূরের কোনো গাড়ির ট্রানজিস্টর থেকে ভেসে আসা একটা গানের দুকলি সুর কথার সঙ্গে প্রবেশ করল এবং কিছুটা প্রভাবও ফেলতে সমর্থ হল বোধহয়। কেননা মিঃ রুইদাস অনুভব করলেন- একবার যেন কেঁপে উঠল তার স্বহৃদয় চোখের সামনে থাকা এই অপরিচিত যুবকের স্পন্দনহীন স্বরূপ। গানের কয়েকটা কথা ছিল...........



সময়

সত্যজিৎ সমাদ্দার
(B. ED 2ND SEMESTER)

প্রিয়াঙ্কা ও দেবাশীষ দু'জনই আশুতোষ কলেজের ইতিহাসের (বি.এ) প্রথম বর্ষের Student. প্রিয়াঙ্কার বাবা একজন উচ্চপদস্থ সরকারি চাকুরে এবং দেবাশীষের বাবা একটি কলকারখানার সামান্য একজন শ্রমিক মাত্র। প্রিয়াঙ্কাদের অর্থ ও প্রাচুর্যের কোনও অভাব ছিল না। কিন্তু অপরদিকে দেবাশীষ, তাঁর বাবা-মা ও এক দিদিকে নিয়ে একটি ছোট ঘরে থাকত। পুরো পরিবারটি তার বাবার আয়ের উপর চলত কোনোওরকমে। দেবাশীষ ও প্রিয়াঙ্কা একই পাড়ায় থাকত।

দেবাশীষ, প্রিয়াঙ্কাকে খুব পছন্দ করতো, কলেজের সেই প্রথম দিন থেকেই। কিন্তু আজ পর্যন্ত প্রিয়াঙ্কাকে সে মুখ ফুটে কিছু বলতে পারেনি। কারণ দেবাশীষ জানত যে, প্রিয়াঙ্কা খুব বড় ঘরের মেয়ে। তাই দেবাশীষ এর মনে সর্বদা একটা দ্বিধা কাজ করতো। সে ক্লাসে প্রিয়াঙ্কার সাথে দু'এক সময়ে পড়া নিয়ে কথাবার্তা বললেও, তাঁদের মধ্যে সেরকম কোনো বন্ধুত্ব ছিল না।

অপরদিকে প্রিয়াঙ্কা বেশ অহংকারী ছিল। সে ক্লাসে কয়েকজন ছাড়া সবার সাথে কথা বলত না। তবে প্রিয়াঙ্কার হাসি আর রূপের মহিমা, ক্লাসের বাকি ছেলেদেরকে স্তব্ধ করে দেওয়ার ক্ষমতা রাখত। এক কথায় বলা যায় যে, ক্লাসের সমস্ত ছেলেরাই প্রিয়াঙ্কার রূপে মুগ্ধ ছিল। কিন্তু প্রিয়াঙ্কা ওসবে একদম পাত্তা দিত না।

তবে ফেসবুকে কিন্ত প্রিয়াঙ্কা, ক্লাসের সবারই ফ্রেন্ড রিকোয়েস্ট অ্যাকসেপ্ট করে নিত। দেবাশীষও ঠিক এইভাবে প্রিয়াঙ্কার ফেসবুক ফ্রেন্ড হয়েছিল। প্রিয়াঙ্কার সমস্ত ব্যক্তিগত ছবিতে সে রিঅ্যাক্ট করত, এছাড়াও খুব ভালো ভালো কমেন্টও করতো। এরকম ভাবেই চলছিল সবকিছু।

কিছুদিন আগেই ওদের ইতিহাস বিভাগের পক্ষ থেকে ইন্ডিয়ান মিউজিয়াম পরিদর্শনের জন্য নিয়ে যাওয়া হয়েছিল। সবাই যখন মিউজিয়ামে ইতিহাসের প্রত্নতাত্ত্বিক বিষয়গুলি দেখতে ব্যস্ত, এমন সময় প্রিয়াঙ্কার কান্নামাখা চিৎকার সবাইকে বাকরুদ্ধ করে দেয়। সে ক্রমশঃ কাঁদছিল, আর হতাশ হয়ে চিৎকার করে বলছিল "আমার মোবাইল ফোনটা হারিয়ে গেছে! কেউ দেখেছিস আমার ফোনটা? প্লিজ...... কেউ দেখেছিস আমার ফোনটা?

সবাই তখন চারিদিকে মোবাইল ফোনের খোঁজ শুরু করে দেয়। প্রিয়াঙ্কা কিন্ত তখনও কেঁদে চলছিল সমানে। খানিক বাদে দেবাশীষ ওর সামনে গিয়ে দাঁড়ায় এবং পকেটে হাত দিয়ে একটি আইফোন ১১ বের করে আনে।

...এই নে তোর ফোন। ওদিকটায় একটা বেঞ্চের নীচে পড়েছিল।

প্রিয়াঙ্কা ফোনটা হাতে নিয়ে ফোনের চারিদিকটা একবার দেখে নেয়। তার কাঁদো কাঁদো মুখটা হঠাৎ এক মুহূর্তে মিলিয়ে গিয়ে চোখে-মুখে খুশির প্রভাব ফুটে উঠে। এরপর সে খানিকটা ইতস্ততঃ করতে লাগল।

...Thank You, দেবাশীষ! Thank You once again। আমি না আজ সত্যিই পাগল হয়ে যেতাম, ফোনটা হারিয়ে গেলে। অনেক আবদার করার পর বাবা আমাকে গতমাসেই এই ফোনটা কিনে দিয়েছিল।

এই বলেই সে আনন্দে আত্মহারা হয়ে নিজের অন্য বন্ধুদের সঙ্গে ছবি তুলতে চলে যায়। দেবাশীষ মুখে আর কিছু না বললেও মনে মনে কিন্ত সে খুব খুশি হয়েছিল। আজ সত্যিই সে প্রিয়াঙ্কার জন্য কিছু করতে পেরেছে..........

এই বছর মার্চ মাস নাগাদ হঠাৎ সারা ভারত জুড়ে শুরু হল করোনা ভাইরাস আতঙ্ক। প্রধানমন্ত্রীর নির্দেশে সারা ভারতে লকডাউন শুরু হয়ে গেল। ফলে দেবাশীষের বাবার কারখানাও গেল বন্ধ হয়ে। প্রথম কয়েকদিন ভালভাবে চললেও, তারপর তাদের

অবস্থা ক্রমশই খারাপের দিকে যেতে থাকে। আবার এদিকে দুর্ভাগ্যক্রমে দেবাশীষের মোবাইলের নেট ব্যালেন্সও শেষ হয়ে যায়। ফলে একদিকে যেমন তাঁর ভাতের থালা নিয়ে টানাটানি পড়ে গিয়েছিল বাড়িতে, ঠিক তেমনি ফেসবুকেতে তার প্রিয়, প্রিয়াঙ্কাকে দেখতে না পেয়ে সে খুবই অস্থির হয়ে উঠেছিল। কিন্তু পরিস্থিতির চাপে পড়ে, কয়েকদিনের মধ্যেই সে নিজেকে সামলে নিয়েছিল।

অপরদিকে প্রিয়াঙ্কাও এই লকডাউন-এ বাড়ি বসে বসে খুবই বিরক্তি অনুভব করছিল। তাই সে নিজেকে হ্যাপি রাখতে, ফেসবুক ও হোয়াটসঅ্যাপ-এ আগের বিভিন্ন স্থানের খাবার ও ঘোরার ছবিগুলো আপলোড করতে থাকে। এছাড়াও তাঁর সময় কাটছিল গল্পের বই পড়ে ও সিনেমা দেখে।

এভাবে দু'তিন দিন যাওয়ার পর প্রিয়াঙ্কার হঠাৎই নজরে পড়ল, যে দেবাশীষ তার প্রতি ছবিতে রিয়েক্ট দেয় বা কমেন্ট করে, তাঁর কোনও পাত্তা নেই। প্রথম কয়েকদিন প্রিয়াঙ্কা ব্যাপারটাকে খুব একটা আমল দেয়নি। এরকমভাবে একসপ্তাহ কেটে যাওয়ার পর একদিন রাতে প্রিয়াঙ্কা ফেসবুকে রিয়াকশন ও কমেন্ট চেক করতে গিয়ে দেখে, আজও দেবাশীষের কোনো রিঅ্যাকশন বা কমেন্ট নেই। সঙ্গে সঙ্গে সে তাঁর অন্য বন্ধুদের কাছে খোঁজ নিয়ে জানতে পারল যে, দেবাশীষদের আর্থিক অবস্থা ভালো না হওয়ায়, বর্তমানে ওরা খুব সমস্যার মধ্যে আছে।

এই কথা শোনামাত্রই সেদিন প্রিয়াঙ্কার সেই অহংকারী এবং অমায়িক মনটাও কেমন যেন গলে গিয়েছিল। তাঁর সেই কালো কাজলাবৃত চোখ দিয়ে অশ্রুধারা তাঁর কপোল বেয়ে ক্রমশই নিচে গড়িয়ে পড়ছিল। সেদিন তাঁর সব দম্ভ ও অহংকার যেন চূর্ণ-বিচূর্ণ হয়ে গিয়েছিল। প্রিয়াঙ্কার কোমল হৃদয়টা সেদিন যেন প্রথমবারের মতো দেখা গিয়েছিল। যদিও তাঁর সেই চোখের জল দেখার জন্য কেউ ছিল না সেদিন। সেদিন রাতে সে ভালোভাবে ঘুমোতেও পর্যন্ত পারেনি, দেবাশীষ ও তাঁর পরিবারের বর্তমান পরিস্থিতির কথা ভেবে সে খুবই চিন্তিত হয়ে পড়েছিল। বিছানায় শুয়ে খালি ছটফট করছিল ।

পরের দিন সকালবেলা সাহস করে সে বাবার কাছে গিয়ে পুরো ঘটনাটা খুলে বলল। বাবা তার মেয়েকে চিনতেন খুব ভালোভাবেই। তাই তিনি প্রথম দিকে একটু অবাক হলেও পরে নিজেকে সামলে নেন। কিছু টাকা দিয়ে মেয়েকে বলেন যে, “এই টাকাটা দেবাশীষকে দিয়ে আয় এবং বলবি যে, এটা কিন্তু কোনো প্রকার দয়া বা দান নয়; বরং বন্ধুর তরফে বন্ধুকে এই অসময়ে দেওয়া সামান্য উপহার”।

এক বান্ধবীকে সঙ্গে নিয়ে প্রিয়াঙ্কা সেদিন দেবাশীষের বাড়ি আসে এবং তাঁর পরিস্থিতি নিজের চোখে চাক্ষুষ করে হতবাক হয়। কিন্তু সেদিন প্রিয়াঙ্কার বাবার পাঠানো সেই টাকা দেবাশীষ নেয়নি। সে প্রিয়াঙ্কাকে উদ্দেশ্য করে বলেছিল যে, “তোরা আমাদের অবস্থাটা বুঝতে পেরেছিস, এটাই অনেক আমাদের কাছে। তবে আমাদের কোনও টাকা লাগবে না, আমরা এই কয়েকটা দিন কোনওরকমে চালিয়ে নিতে পারবো। তবে কয়েকদিন ধরে ফেসবুক করতে পারছি না, ফলে তোকে খুব মিস করছি”।

সেদিন প্রিয়াঙ্কা বিনা বাক্যব্যয়ে সেখান থেকে ফিরে এসেছিল। দেবাশীষের কথাগুলো সেদিন প্রিয়াঙ্কার হৃদয় ছুঁয়ে গিয়েছিল। তাঁর শুধু দেবাশীষের বলা কথাগুলোই সেদিন বারবার মনে পড়ছিল। এত খারাপ পরিস্থিতির মধ্যে থেকেও দেবাশীষের টাকাটা না নেওয়া, প্রিয়াঙ্কাকে বেশ ভাবিয়ে তুলেছিল। দেবাশীষের বলা সেই কথাটা “আমি তোকে খুব মিস করছি” প্রিয়াঙ্কার মনে একেবারে গেঁথে গিয়েছিল।

এরপর দীর্ঘ পাঁচ মাস অতিবাহিত হয়ে গেছে। করোনা ভাইরাসের ভীতি চলে গিয়ে সমগ্র পৃথিবী আবার নতুন রূপে সেজে উঠেছে। লম্বা ছুটির পর আবার সব স্কুল-কলেজ খুলেছে। কিন্তু কলেজের প্রথম দিন সবাই কলেজে এলেও, একমাত্র দেবাশীষ এলোনা। অন্য কারও সেদিন দেবাশীষের কথা মনে না থাকলেও, প্রিয়াঙ্কার কিন্তু খেয়াল ছিল। তাই সে কলেজ ছুটির পর কাউকে কিছু না জানিয়েই সোজা দেবাশীষের বাড়ি উপস্থিত হল।

দেবাশীষের দিদির কাছ থেকে সে জানতে পারলো যে, দেবাশীষ লকডাউন-এর ছুটিতে অসুস্থ ও দুর্বল হয়ে পড়েছে। দেবাশীষ যদিও ঘরেই শুয়ে ছিল। সে প্রিয়াঙ্কার গলার আওয়াজ পেয়ে, কোনওরকমে এসে একগাল হাসি নিয়ে দাঁড়ালো প্রিয়াঙ্কার

সামনে। প্রিয়াঙ্কার তো দেবাশীষকে দেখেই চক্ষু চড়কগাছ। এই কয় মাসে দেবাশীষ এতটাই পাল্টে গিয়েছিল যে, তাকে চেনা যাচ্ছিল না। যদিও প্রিয়াঙ্কা খুব দ্রুততার সাথে নিজেকে সামলে নেয় এবং দেবাশীষকে জিজ্ঞাসা করে,"কিরে কেমন আছিস?

...হ্যাঁ, এই মোটামুটি আছি আরকি! তুই কেমন আছিস বল?

প্রিয়াঙ্কা একপ্রকার অভিমানের সুরেই উত্তর দেয় এবং দেবাশীষ কিছু বুঝে ওঠার আগেই প্রিয়াঙ্কা হঠাৎই সেখান থেকে বেরিয়ে যায়।

এরপর সে কাছেরই একটি মার্কেটে যায় এবং তাঁর কাছে থাকা টাকায় কিছু ফল, ডিম ও দুধ কিনে, আবার দেবাশীষের বাড়ি ফিরে আসে। দেবাশীষ কিন্তু একটু আগের ঘটনার আশ্চর্যতায় দরজার সামনে বসেই আকাশ-পাতাল ভাবছিল। হঠাৎ করে আবার প্রিয়াঙ্কাকে আসতে দেখে সে উঠে দাঁড়ায়। এরপর প্রিয়াঙ্কা এসে দেবাশীষের হাতে সেই ফলের ব্যাগ দিয়ে বলে – "আজ কিন্তু আমি তোর কোনও কথাই শুনবো না। এটা তোকে নিতেই হবে"! দেবাশীষ কিন্তু সেদিন প্রিয়াঙ্কার হাবভাব দেখে এতটাই ভ্যাবাচাকা খেয়ে গেছিল যে, বাধ্য ছেলের মত ব্যাগটা সে নিয়ে নেয়। এরপর থেকে মাঝেমধ্যেই প্রিয়াঙ্কা এসে দেবাশীষকে বিভিন্নরকম ফল, ডিম ও দুধ কিনে দিয়ে যেত এবং দেবাশীষও তা সাদরে গ্রহণ করে নিত।

এরকম এক মাস চলার পর দেবাশীষ এখন অনেকটাই সুস্থ এবং এবং সেদিন প্রথম কলেজে এল। প্রিয়াঙ্কাও সেদিন দেবাশীষকে পেয়ে খুবই আপ্লুত হয়েছিল। প্রিয়াঙ্কা ও দেবাশীষ গত একমাসে অনেক কাছাকাছি চলে এসেছিল। প্রতিদিন তাঁরা এখন একসাথে কলেজে আসে, ক্লাসে একসাথে বসে, আবার ছুটির পর একসাথে বাড়িও যায়।

এরপর একদিন প্রিয়াঙ্কা ও দেবাশীষ কলেজে আসার জন্য একসাথে মিট করে। সেদিন কিন্তু প্রিয়াঙ্কা খুব সেজেগুজে এসেছিল। সে সেদিন খুব সুন্দর একটা শাড়ি, কপালে টিপ ও ঠোঁটে লিপস্টিক পরে এসেছিল। আজ অন্যরকম সাজে প্রিয়াঙ্কাকে দেখে দেবাশীষ একটু বিস্মিত হয় এবং প্রিয়াঙ্কাকে জিজ্ঞাসা করে,

... কিরে, আজ হঠাৎ এত সেজেগুজে এলি? কী ব্যপার বলতো? আজ খুব খুশি খুশি লাগছে তোকে!

দেবাশীষের প্রশ্নের উত্তরে প্রিয়াঙ্কা একটু লজ্জা পেয়ে যায়। সে মাথা নীচু করে, খানিকটা লাজুক মুখেই উত্তর দেয়।

...আজ আমরা কলেজ যাচ্ছি না।

...তবে কোথায় যাচ্ছি?

...আজ আমি আর তুই এখান থেকে সোজা সিনেমা দেখতে যাব। তারপর সেখান থেকে একেবারে Lunch সেরে বাড়ি ফিরব।

...সেকিরে! আমাকে তো আগে বলবি! তবে আমি আরও কিছু টাকা সঙ্গে নিয়ে আসতাম।

প্রিয়াঙ্কা সঙ্গে সঙ্গে দেবাশীষ কে থামিয়ে দিয়ে বলে-

...আজকে সিনেমা দেখা থেকে শুরু করে খাওয়ার পুরো খরচ আমার। তুই শুধু বলবি যে তুই কি খেতে ভালবাসিস!

...(দেবাশীষ খানিকটা লজ্জা পেয়ে মাথা নিচু করে উত্তর দিল) আচ্ছা ঠিকাছে! চল তবে।

এরপর তারা সোজা সিনেমা হলে এসে টিকিট কেটে সিট নিয়ে বসলো। প্রিয়াঙ্কা একটি লাল গোলাপ সেদিন দেবাশীষের কাছে আসার আগেই কিনে নিয়েছিল। সিনেমা তখনও শুরু হয়নি.....

...(হলের মধ্যে প্রিয়াঙ্কা সেই গোলাপটা বের করে দেবাশীষকে দিয়ে বলল) দেবাশীষ, আমি তোকে খুব খুব ভালোবেসে ফেলেছি। তোকে ছাড়া আমি থাকতে পারবো না। তোর কি আমায় পছন্দ?

প্রিয়াঙ্কার এই কথা শুনে দেবাশীষ তো একেবারেই বাকরুদ্ধ হয়ে যায় এবং তার সমস্ত শরীরের মধ্যে দিয়ে একটা শিহরণ বয়ে যায়। তার শ্বাস-প্রশ্বাস খুব দ্রুত চলতে থাকে।

নিজেকে সামলাতে সে খানিকটা সময় নেয় এবং তারপর একপ্রকার সাহস করেই প্রিয়াংকার প্রশ্নের জবাব দেয়।

...আমি তোকে কলেজে প্রথম যেদিন দেখেছিলাম, সেই প্রথম দেখাতেই আমি তোকে ভালোবেসে ফেলেছিলাম। কিন্ত তুই আমায় খারাপ ভাবতে পারিস, এই ভয়ে আমি তোকে কোনোদিন কিছু বলিনি......... আমিও তোকে খুব খুব ভালবাসি; তোকে ছাড়া আমিও থাকতে পারবো না।

দেবাশীষকে সেদিন প্রপোজ করার পর দীর্ঘ প্রায় চার বছর অতিক্রান্ত হয়ে গেছে। প্রিয়াঙ্কা এখন আশুতোষ কলেজেই ইতিহাসে এম.এ করছে। কিন্ত দেবাশীষ তার বাড়ির আর্থিক অসঙ্গতির কারণে এম.এ তে ভর্তি হয়নি। সে এখন বিভিন্ন সরকারী চাকুরীর পরীক্ষা দিচ্ছে, যাতে খুব শীঘ্রই নিজের পায়ে দাঁড়াতে পারে। বর্তমানে দেবাশীষের বাবার শরীরটাও খুব একটা ভালো যাচ্ছে না। তাছাড়া তার দিদিরও বিয়ের বয়স হয়ে গেছে- এসব চিন্তাই এখন তার চাকুরী পাওয়ার জেদ ও ইচ্ছে আরও বাড়িয়ে দিয়েছে। ফলে দেবাশীষ এখন এসব নিয়েই সদা ব্যস্ত থাকে।

প্রিয়াঙ্কা এখনও দেবাশীষকে নিয়ম করে ফোন করে ঠিকই, কিন্ত এখন আর ওদের মধ্যে আগের মতো সেরকম ঘন্টার পর ঘণ্টা কথা হয় না।

এদিকে প্রিয়াঙ্কার বাবার কাছে মেয়ের বিয়ের জন্য ভালো ভালো পাত্রের সন্ধান আসছে। সেকথা প্রিয়াঙ্কা জানতে পেরে সঙ্গে সঙ্গে তা দেবাশীষকে জানায় এবং যত শীঘ্র সম্ভব দেবাশীষকে দেখা করতে বলে।

দেবাশীষ কিন্তু এখন আর সেই আগের মত নেই। সে আজ অনেক পরিণত এবং অনেক বেশী দায়িত্বশীল। তার অভিপ্রায় ও অভিসন্ধি এখন একেবারে ভিন্ন। কাল বাদে পরশু তার WBCS-এর মেইন পরীক্ষা। সে জোর কদমে প্রস্তুতি নিচ্ছে। দম ফেলবার মতো হাতে সময় নেই তার। এবার তাকে মেইন পরীক্ষায় উত্তীর্ণ হতেই হবে। এর জন্যই তো এতদিন পরিশ্রম করে আসছে সে। এতদিনের এই হাড়ভাঙা পরিশ্রম সে কোনো ভাবেই বিফলে যেতে দেবে না, সে যতোই বাধা-বিপত্তি আসুক।

তাই দেবাশীষ সঙ্গে সঙ্গে প্রিয়াঙ্কাকে ফোন করে জানায়, সামনে তার অনেক বড় পরীক্ষা আছে। এখন সে, তার সাথে দেখা করতে পারবে না, এমনকি এই মুহুর্তে তার সাথে ফোনেও কথা বলার সময় নেই। এই বিষয়ে পরে আলোচনা করবে। এমনকি দেবাশীষ তাকে আগামী একসপ্তাহ কোনো ফোন না করতেও জানিয়ে দেয়।

সেদিন দেবাশীষের সেই কথায় প্রিয়াঙ্কা খুবই কষ্ট পেয়েছিল। সে বাড়িতে বসে সারাদিন লুকিয়ে কেঁদেছিল।

দেবাশীষ WBCS মেইন পরীক্ষা শেষ হওয়ার পরের দিনই সে তার খুরতুতো দাদার বিয়েতে কল্যানী চলে গিয়েছিল। সেখানে গিয়ে একসপ্তাহ সে খুব হই-হুল্লোড় করেই কাটিয়েছে। আজ সকালের ট্রেনেই সে বাড়ি ফিরে আসে। দেবাশীষ এখন আর প্রিয়াঙ্কাকে নিয়ে বিশেষ একটা ভাবেনা যদিও, তবুও দাদার বিয়ে থেকে বাড়ি ফেরার পর থেকেই আজ সারাদিন ও কেমন যেন একটা মনমরা হয়ে আছে। সেদিনের সেই ঘটনার পর প্রায় ১৫ দিন কেটে গেলেও একবারের জন্যেও প্রিয়াঙ্কার ফোন আসেনি। সন্ধ্যার সময় ভেবেছিল একটু বাইরে গিয়ে বেরিয়ে আসবে, কিন্তু আজ ট্রেন যার্নি করে ওর মাথাটা একদম ভার হয়ে আছে। ফলে আর বাইরে না বেরিয়ে তাড়াতাড়ি ডিনার সেরে বিছানায় শুয়ে শুয়ে প্রিয়াঙ্কার পাঠানো কিছু পুরোনো মেসেজ পড়ছিল। ঘুমে তার দুচোখ এতটাই ভারী হয়ে আসছিল যে বেশিক্ষণ আর পড়তে পারলো না।

মোবাইল ফোনটা হাতে নিয়ে প্রিয়াঙ্কার নাম্বার চার-পাঁচ বার ডায়াল করল। কিন্তু প্রত্যেকবারই রিং হয়ে কেটে যাচ্ছিল। তার আধঘন্টা পর আবারও ও প্রিয়াঙ্কাকে ফোন করলো কিন্তু ওপার থেকে এবারেও কেউ ফোন তুললো না। এরকমটা তো আগে কখনোই হয়নি; নাহ! এবার ওর সত্যিই বেশ চিন্তা হতে লাগলো। তাই আর দেরি না করে, তাড়াতাড়ি তৈরী হয়ে, প্রিয়াঙ্কার বাড়ির দিকে রওনা দিল দেবাশীষ। আজ ভেবেছিল, প্রিয়াঙ্কাকে সব সে বুঝিয়ে বলবে। কেন এতদিন ও প্রিয়াঙ্কার সাথে ভালোভাবে কথা বলেনি? কেনই বা ও এত ব্যস্ত ছিল? সবকিছু আজ খুলে বলবে ও।

প্রিয়াঙ্কাদের বাড়ির সামনে পৌঁছতেই তার বুকটা ধরাস করে উঠলো। এ কী দেখছে সে? প্রিয়াঙ্কাদের পুরো বাড়িতে টুনিবাল্ব লাগানো হচ্ছে, আর বাড়ির গেটটিও

ফুল দিয়ে সুন্দরভাবে সাজানো হচ্ছে। খানিকটা থতমত খেয়ে যায় দেবাশীষ। যারা গেটের সামনেটায় ফুল দিয়ে সাজাচ্ছিলো, তাদের একজনকে জিজ্ঞাসা করায় সে বললো "আজ প্রিয়াঙ্কা ম্যাডামের বিয়ে।" একথা শোনামাত্র দেবাশীষের চোখ ঝাপসা হয়ে আসে। সে যেন সবকিছু অন্ধকার দেখছে। নাঃ, এখানে আর বেশিক্ষণ থাকা উচিৎ হবে না। সে দ্রুত বাড়ি ফিরে আসে।এসেই সোজা বিছানায় চলে যায় এবং বালিশের নিচে মুখ গুঁজে আকাশ-পাতাল ভাবতে থাকে। ভাবছে পুরোনো সেই দিনের কথা। কি ছিল, আর আজ সেখান থেকে কি হয়ে গেল! কীভাবে পারলো প্রিয়াঙ্কা? যে প্রিয়াঙ্কা তাকে এত ভালোবাসতো, কীভাবে ভাবলো সে ওকে ছেড়ে অন্য একজনকে বিয়ে করার কথা! নাহ! কিছুতেই মাথায় আসছে না ওর।

নাহ! ভুলটা বোধহয় আমারই ছিল। আমিই ওকে হয়তো সময় দিতে পারিনি। ওর সাথে ভালোভাবে, ভালোবেসে কথা বলতে পারিনি। হয়তো আমি নিজেকে নিয়ে এতটাই ব্যস্ত ছিলাম যে ওর কথা কখনোই মন দিয়ে শুনিনি। আমি ওকে ভালোবেসেছিলাম এবং মনেপ্রাণে আজও ওকেই ভালোবাসি শুধু। কিন্ত পরিস্থিতি আর সময়ের ঘেরাটোপে আমি ওকে হারিয়ে ফেলেছি। পারলাম না আমি ওকে আমার বুকে আগলে রাখতে। আমি ওকে চিরদিনের মতো হারিয়ে ফেললাম। এরকমই আকাশ-পাতাল ভাবতে ভাবতে হঠাৎ একটা চাপা কান্না যেন ওর বুক ঠিকরে বেরিয়ে আসতে চাইছিল।

ঘড়িতে তখন সকাল সাড়ে ১০টা বাজে। এমন সময় দিদির ডাকে হঠাৎই দেবাশীষের ঘুম ভাঙল আর তার সমস্ত দুঃস্বপ্নেরও সমাপ্তি ঘটলো।

...কীরে, শুয়ে শুয়ে ওরকম গোঙাচ্ছিলিস কেন? কোনও খারাপ স্বপ্ন দেখছিলিস নিশ্চয়ই। শীঘ্রই উঠে বাইরে গিয়ে দেখ, কে এসেছে তোর খোঁজে!

কোনওক্রমে ঘুমচোখে, শরীরটাকে টেনে নিয়ে বাইরে এসেই অবাক সে! দেখল সশরীরে প্রিয়াঙ্কা দাঁড়িয়ে দরজার সামনে........

... Good Morning দেবাশীষ........ পরীক্ষা কেমন হল তোর? চল, আজ নন্দন যাবো মুভি দেখতে।

দেবাশীষ তো ওর কথার মানেই কিছু বুঝে উঠতে পারছে না। তবে কি এতক্ষণ ও ঘুমের ঘোরে স্বপ্ন দেখছিল? কিন্ত........ এমন সময় দেবাশীষের দিদি দেবাশীষকে ঘরে ডেকে নিয়ে গিয়ে বলে, তোদের দুজনের ব্যপারে আমি সব কিছু জানি। তুই আমাকে না বললেও প্রিয়াঙ্কা আমায় সব জানিয়েছে, যে তোরা দুজন একে অপরকে খুব ভালোবাসিস। সেদিন যখন তুই প্রিয়াঙ্কাকে দেখা করতে বারণ করে দিয়েছিলি, তখন ও আমাকে কাঁদতে কাঁদতে সবই খুলে বলেছিল। আমিই ওকে তোর ব্যপারে সব বুঝিয়ে বলি। এরপর থেকে ওর সাথে আমার প্রতিদিনই কথা হত। তুই কল্যানী যাওয়ার পর আমি আর বাবা প্রিয়াঙ্কাদের বাড়ি গিয়ে তোর আর প্রিয়াঙ্কার ব্যপারটা খুলে বলি। উনি প্রথম প্রথম ইতস্ততঃ করলেও, ওনার মেয়ের মুখের দিকে চেয়ে ও মেয়ের খুশির কথা ভেবে আর না করতে পারেননি। তবে ওনি একটি শর্ত দিয়েছেন যে, যতদিন না পর্যন্ত তুই এবং প্রিয়াঙ্কা দু'জনই নিজের পায়ে দাঁড়াচ্ছিস, ততদিন পর্যন্ত তোদের অপেক্ষা করতে হবে। দিদির কথাগুলো শোনার পর, দেবাশীষের কাছে আর কিছু বলার মতো ভাষা ছিল না। ছোটবেলা থেকে দিদির সাথে অনেক ঝগড়া বা মারামারি করলেও, দিদিকে আজ তার সত্যিই প্রকৃত বন্ধু বলে মনে হল।

এরপর দিদির হাতে বানানো লুচি আর আলুর দম খেয়ে, খুব তাড়াতাড়ি তৈরী হয়ে নিয়ে দেবাশীষ আর প্রিয়াঙ্কা বেরিয়ে পরলো ....

সৌভাগ্যক্রমে, এই ঘটনার ঠিক আটমাস পরেই দেবাশীষ WBCS পরীক্ষায় সাফল্যের সাথে উত্তীর্ণ হয় এবং চাকুরীতে যোগদান করে এবং দেবাশীষের চাকুরী পাওয়ার প্রায় দুবছর পর প্রিয়াঙ্কাও একটি বেসরকারি স্কুলে ইতিহাসের শিক্ষিকা হিসেবে যোগদান করে।

আত্মতৃষ্ণা

সম্রাট দাস

(B. ED 2ND SEMESTER)

...বললাম না, ডোন্ট টাচ মি!

...কেনো এরকম করছো? আমিতো কতবার সরি বললাম।

...একই ভুল বারবার করে, সেটাকে সরি বলে কাটানো যায়না আবির।

শেষ বসন্তের সূর্যাস্ত তখনও দ্বিতীয় হুগলী ব্রীজ এর উপর থেকে উঁকি দিচ্ছে। সূর্যের লাল আভার আস্তরণে তখনও আকাশ শোভিত। আবির আর পায়েল এই ঘাটটায় প্রায়ই আসে। দুজনেই তাকিয়ে থাকে, গঙ্গার বিস্তৃত জলরাশির ওপারে, যতটা চোখ যায়। এখানে আসার মূল কারণ হলো, দুজন দুজনকে দেখা এবং তার থেকেও বড় প্রাপ্তি, মন খুলে কথা বলা।

...এবারে চাকরিটা হয়েই যাবে দেখো। পিন্টু দা বলেছে পার্টিতে কথা বলবে।

...ওসব কথা অনেক শুনেছি আবির। আর শুনতে শুনতে আজ এই দিনটা চলে এলো।

...একটু ধৈর্য্য ধরো, প্লিজ। লক্ষী সোনা আমার।

...তুমি থাকো তোমার লেখা নিয়ে, তোমার গান-বাজনা নিয়ে। এত ভালো একটা ইন্টারভিউ দিতে গেলে না, নাকি! উনি গেছিলেন গ্রুপ থিয়েটারের রিহার্সালে। আর এটা তো একবার নয়, বারবার হয়ে চলছে। আমি কষ্ট করে তোমার ইন্টারভিউ ফিক্স করে দেবো, আর তুমি থাকবে নিজের খেয়ালে।

...একটু দাঁড়িয়ে যাও, পার্টির থ্রুতে কিছু একটা হয়ে যাবে। আর এসব চাকরি আমার কোনদিনই পোষাবে না তুমি তো জানো।

...আর কত দাঁড়াবো বলতে পারো? আমার সঙ সেজে পাত্রপক্ষের সামনে আর দাঁড়াতে ভালো লাগছে না। কালকে যা হল! বলে কিনা হেঁটে দেখাও, গান গেয়ে শোনাও, নাচতে পারো? বিয়ের সম্বন্ধ, নাকি সারেগামাপার অডিশন কে জানে!

...হে হে হে। লোকেদের হাতে স্মার্টফোন চলে এলো, কিন্তু সামাজিক গোরামিগুলো গেল না।

...আবার বলে কি জানো? আমার নাকি পড়াশোনা করার দরকার নেই, চাকরি করতে দেবে না। মানে আমি বাড়িতে বসে বসে শুধু বাচ্চা মানুষ করব!

...ওহ! তুমি তাহলে একচুয়ালি ভাবছিলে ওই ছেলেটার সাথে সংসার করার কথা?

...বাজে বোকো নাতো একদম।

আবির পাশ দিয়ে যাওয়া এক চিনেবাদাম ওয়ালাকে ডাকলো। ১০ টাকার একটা ঠোঙ্গা কিনে, বাদাম ছাড়াতে ছাড়াতে বলল:

...আচ্ছা, ধরো আমার চাকরি হলো না!

...মানে?

...মানে, এই ধরো আমি চাকরি করলাম না আরকি! থিয়েটারে বেশ ভাল লোক হচ্ছে, কিছু কম্পিটিশনেও জেতার চান্স আছে। আর আমার লেখা এক বন্ধু চেয়েছে। বলছে কিছু ডিরেক্টর জানা আছে স্টুডিও পাড়ায়। একটা স্ক্রিপ্ট পুশ করে করে দেখবে।

...এসব নিয়ে আমাদের অনেক কথা হয়ে গেছে আবির। একটা ফিক্সড ইনকাম না থাকলে খাবারও জুটবে না। বাবা কোন সাহসে তোমার সাথে বিয়ে দেবে বলোতো?

...ইনকাম ফিক্সড কোন মানুষেরই নেই। চাকরি আজ আছে, কাল নেই। সরকারি চাকরিতেও এখন প্রাইভেট এর মতই করাকরি। তাছাড়া সরকারি চাকরি দিচ্ছে কে? তোমার বি.এড টা হয়ে গেলে স্কুলের চাকরি হয়ে যাবে। আর আমার লেখা, থিয়েটার এসব থেকে অল্প চলে আসবে। কি! চলবে না সংসার?

...আবির, কালকের ছেলেটা চাটার্ড অ্যাকাউন্ট্যান্ট ছিল। তার আগের জন NRI. বাবার এতটা উঁচু আশা আমার শ্বশুরবাড়ি নিয়ে।

...তা ঠিক, কিন্তু জীবনে পয়সা ছাড়াও অনেক কিছু আছে পায়েল। ভালোবাসা, সুখ-শান্তি, সহানুভূতি। এগুলো দিতে পারবে তো, তোমার চাটার্ড অ্যাকাউন্ট্যান্ট?

পায়েল তাকিয়ে থাকে নদীর ওপারে। ওপারটা কত ঝলমলে, কত আলো। এপারটা ফ্যাকাসে, কিন্তু ঠাণ্ডা হাওয়ায় মনটা জুড়িয়ে দিচ্ছে।

আবির আর পায়েলের সম্পর্কটা পাঁচ বছরের। আবির বরাবরই খুব ভালো স্টুডেন্ট ছিল, কিন্তু জীবনটা যাঁতাকলে পিষ্টে যায়নি। চিন্তাভাবনা বরাবরই উন্মুক্ত। কর্পোরেটের টানা-পোড়েন কতটা, তাঁর বন্ধুর লাশ দেখেই সে বুঝেছে কয়েক বছর আগে। সৌরভ ছিলো ওর ভালো বন্ধু। একইসাথে স্কুল, কলেজ পাশ করে সৌরভ একটা মাল্টিন্যাশনাল কোম্পানীতে চাকরী পেয়ে ব্যাঙ্গালোর চলে যায়। আবিরের সাথে যোগাযোগটাও ছিল না। যতবার ও ফোন করতো, হয় অফিসের কাজে, নয়তো ঘুম। কথা অনেকক্ষণ হয়েছিল অবশ্য একবারই, সৌরভ সুইসাইড করার আগে। গলায় ফাঁস লাগানোর আগে আবিরকে ফোন করে বলেছিল, যে তার মায়ের কথা খুব মনে পড়ছে। আর তাদের বারুইপুরের বাড়িটা। আল ধরে ছুটে যেতে চায় আবিরের সাথে আর একবার। জীবনটা এই দশটা-আট্টার যাঁতাকলে সে পিষে মেরে ফেলতে আর পারছে না।

সৌরভের লাশ যখন বারুইপুরে পৌঁছায়, আবিরের চোখের জল ছিল না, ছিল শুধু অবাক বিস্ময়। এত ভালো চাকরি, এত ভালো মাইনে, তাও জীবনে এত হতাশা কেন? উত্তরটা সৌরভ লিখে যায়নি।

সন্দেহের দিকরাশিহীন অন্ধকারে আবির আর পায়েল হেঁটে চলেছে তাদের মফঃস্বলের রাস্তা ধরে। পায়েলের হাত শক্ত করে আবিরকে ধরা। বাড়ির গেটের সামনে আসতেই পায়েল হাত ছাড়িয়ে বলল:

...বাবা বলেছে, এক সপ্তাহের মধ্যেই ডিসিশন নেবেন; যদি তুমি কিছু করতে না পারো।

বাড়ি ফেরার আগে, আবির একবার পিন্টুদা দের ক্লাবে ঢু মেরে গেল। চাকরির একটা হিল্লে করতেই হবে। যেকোনো কাজ, যা খুশি করবে ও। পিন্টুদারা সবে আসর বসিয়েছে তখন।

...পিন্টু দা, পার্টির সাথে কথা বলেছ?

...বলেছি রে ভাই। তুই বস, কিছু কথা আছে।

আবির চেয়ার টেনে বসতেই, পিন্টুদার ইশারাতে ক্লাবের বাকি সবাই বাইরে চলে গেল। পিন্টুদা গ্লাসে হুইস্কি ঢেলে, একটা চুমুক দিয়ে বলল:

...শোন ভাই, তোকে তো অনেকদিনই চিনি। পার্টির হয়ে আমরা যেসব কাজ করি, তুই সেসবের ধারে কাছেও নেই, আর পারবিও না। তোকে বলে কিনা, ওই কবি গোছের মানুষ। ঘোড়া তুই দেখলেই ভয় পেয়ে যাবি, আবার চালাবি কিভাবে! হে হে হে।

...না, সেসব তো......

...চাপ নিস না ভাই, আমি তো আছি। মাসিমা ভালো আছে রে? আচ্ছা শোন, দাদার সাথে কথা বলেছি। তুই একটা কাজ করতে পারলে, তোকে কোনো একটা ভালো পোস্টে ঢুকিয়ে দেবে বলল। সিট খালি আছে এখন, কিন্তু বেশিদিন থাকবে না। মাল করি কত আছে?

...মালকড়ি মানে.... ইয়ে.... খুব বেশি নেই। জানোই তো, বাবা মারা যাবার পর আমার যেটুকু হয়, তাই দিয়ে সংসার চালাই।

...হ্যাঁ, তা অবশ্য ঠিক।

পিন্টুদা হুইস্কির গ্লাসটা শেষ করে বলতে থাকলো।

...তুই যেই মেয়েটার সাথে ঘুরিস, সে তোর কাজে আসতে পারে। ভালোই আইটেম বাগিয়েছো বাবা!

আবির চুপ করে থাকল।

...আগামী রবিবার সন্ধ্যেবেলা ওকে নিয়ে একবার আসতে পারবি? দাদা ডেকেছে।

...দাদা রেখেছে মানে? কেন? কোথায়?

...ওই যে বাইপাসের ধারে, যে হোটেলটা হয়েছে না, ওখানে।

...মানে, কেন?

...দেখ ভাই, তুই তো আর হাঁদারাম নোস, সবই বুঝিস। ওকে নিয়ে যা, দাদা হয়তো সেই দিনই তোকে চাকরির কন্ট্রাক্ট দিয়ে দেবে।

এরপর আবির আর বেশি কথা বাড়ায়নি। ক্লাব থেকে সোজা বেরিয়ে চলে এসেছিল বাড়িতে। আগামী দুদিন ঘুম-খাওয়া সব বিসর্জন দিয়ে ছাদে গিয়ে বসে ছিল। সিগারেটের পর সিগারেট টেনে গেল। বিধাতা যে এরকম নিষ্ঠুর পথ খুলে দেবে তার জন্য, ভাবতেই তার গা শিউরে উঠলো। এদিকে পায়েলের ক্রমাগত ফোন, আর ফোনে কান্নাকাটি, অবশেষে আবির মনটা ঠিকই করে ফেলল।

একটা চাকরির ইন্টারভিউ থেকে তাকে প্রায় ফোন করে যাচ্ছিল। তার মত লেখক তাদের দরকার। আগে আবির কাটিয়ে দিয়েছিল, কিন্তু ওই কোম্পানির HR সমানে

আবিরকে ফোন করে, তাকে একবার অফিসে দেখা করতে বলছিল। অগত্যা, কোন উপায় না পেয়ে, একবার ইন্টারভিউটা দিয়েই আসবে ভাবল আবির।

আবির এখন ফিরছে বারুইপুর স্টেশন রোডে থেকে। এক হাতে মিষ্টির প্যাকেট, পিঠে ব্যাগ, যার মধ্যে “অফার লেটার”। সবার আগেই যাবে পায়েল দের বাড়ি। ওকে খবরটা দিয়ে, ওর বাবার সাথে একবারেই কথা বলে আসবে। বলবে যে জান-প্রান লাগিয়ে দেবে পায়েলকে খুশি রাখার জন্য। মনটা আজ বড্ড চঞ্চল। কত লোকের ধার-দেনা সে এখন মেটাতে পারবে। সবচেয়ে বড় কথা, মায়ের খুশির কান্না নিশ্চয়ই সে অনেক বছর বাদে দেখবে।

পায়েল দের বাড়ি যাবার পথে, আগে আবির দের বাড়ি পড়ে। ব্যাগটা ভিতরে রেখে ,মাকে প্রণাম করেই পায়েল দের বাড়ি যাবে। কিন্ত বাড়ির সামনে এসে একি দেখছে সে! লোকের এত ভিড় কেন? ভিড় ঠেলে সামনে এগোতেই চোখে পড়লো, এক সাদা আস্তরণে ঢাকা লাশ। লাশটা আর কারোও নয়, স্বয়ং আবিরের। ইন্টারভিউটা এবারেও উৎরাল না। তাই বারুইপুর স্টেশনেই ট্রেনের সামনে ঝাঁপ দিয়েছে আবির।

ভিড়ের মধ্যে পায়েলকে খুঁজে পেল আবির। না, এক ফোঁটাও কাঁদছে না সে। ওর মন জুড়ে আছে শুধু অবাক বিস্ময়।

“ Women Celebrities, not wanting to be associated with Feminism could have just Googled the term ”

SUPARNA CHATTERJEE
(B. Ed, 4th Semester)

I, as a woman somehow can’t relate to this motion. I feel, it is completely alright to choose, not to believe in Feminism. Googling Feminism will not show us the Radical and Extreme measures that some of the feminists took to establish their opinion or at times, their demands. And by Feminism on a macro-ergonomic sense, consists of all Moderate, Radical and Extreme beliefs of Feminism. If someone calls oneself a Feminist, then the tags of all three levels of Feminism automatically get associated with one's terminology of belief.

Yes, I am not a Feminist either. Even in this 21st century of the flowing whirl of Feminism being a normal belief among the general mass, I can't connect myself with it at all.

I believe in Gender Mainstreaming, Equity and Liberation . I am not against Moderate Feminism. But I am definitely against Radical and Extreme practices of Feminism.

My knowledge about Feminism basically developed as an undergraduate student taking up Sociology as a field of study, but it further introduced me to the term "Gender Mainstreaming". I feel it's actually a far more farsighted, futuristic and practical concept, than that of Feminism as a whole.

The definition which I have acquired from Wikipedia suggests:

“Mainstreaming a gender perspective is the process of assessing the implications for women and men of any planned action, including legislation, policies or programs, in all areas and at all levels. It is a strategy for making women's as well as men's concerns and experiences an integral dimension of the design, implementation, monitoring and evaluation of policies and programs in all political, economic and

societal spheres so that women and men benefit equally and inequality is not perpetuated."

Furthermore, I would like to add the encouragement of the basic rights of LGBTTQQIAAP and Animals and the monitoring and safeguarding of their Rights to Live.

I believe, it's far more important to Google new terminology bringing together the betterment of human society than to Google Feminism. Because, it is already a built-tried-tested-misused concept. I am sure, the Feminists would not like to take up Manual Scavenging as their occupation, if it is in the name of equality: Equal Rights of shares at occupying extremely hazardous occupations.

Below, I have provided with two pictorial representation; the first one being differentiating between Equality and Equity while the other one showing Liberation.



<u>Photo 1:</u> **This is just a pictorial differentiation between Equity and Equality.**



Photo 2: **A visual differentiation showing the execution of the concepts of Equality, Justice and Liberation.**

** The title of the article is taken from a report published by **Buzzfeed** where the content writer **Imaan Sheikh** made the remark in response to the comments made by women celebrities on Feminism.

সম্পর্ক

লোপামুদ্রা চৌধুরী
(B. Ed Batch 2016-18)

বহু স্বপ্ন দিয়ে সাজানো সংসারের ভাঙা টুকরো গুলোয় রক্তাক্ত রিমা রিক্ত দৃষ্টিতে তাকিয়ে ছিল জানালার বাইরে। রাতের অন্ধকারের মতোই এক অজানা, অন্ধকার ভবিষ্যতের দিকে, ভোরের অপেক্ষায়। জীবনের বন্ধুর পথে একা চলার সংগ্রামের কথা ভেবে বিহ্বল সে। অন্ধকার কেটে ভোর হলো। এবার তার যাওয়ার পালা। নিজের জামা কাপড় গোছাতে গোছাতে, কিছু ভাঙা স্বপ্নের টুকরো আবারও বিঁধে গেলো হাতে, পায়ে, চোখে। হঠাৎ পিঠে একটা হাতের ছোঁয়া। চমকে ফিরে তাকায় রিমা। সুতপা দাঁড়িয়ে। বোঝাই যাচ্ছে, অনিদ্রায় কেটেছে তারও সারাটা রাত।

সুতপা রিমার হাত দুটো নিজের হাতে শক্ত করে ধরে বলে - "আমার বাড়ির বৌ তুমি, তুমি কেন এভাবে চলে যাবে? অন্য কাউকে আমি তোমার জায়গা কখনো দেবো না।" রিমার মনে হলো, এক ঠান্ডা মলমের প্রলেপ পড়লো তার রক্তাক্ত ক্ষতের ওপর। সুতপাকে জড়িয়ে ধরে বাঁধ ভাঙা চোখের জলে ভিজিয়ে দিলো তার শাড়ির আঁচল।

না, রিমা সেদিন রাখতে পারেনি সুতপার কথা। বেরিয়ে এসেছিলো সে। কিন্তু অদ্ভুত এক অদৃশ্য বন্ধন ছিল তাঁদের। নাহলে বিবাহ বিচ্ছেদের পর কোন শাশুড়ি বৌমা ফোনে গল্প করে!

আজ সুতপার শায়িত শবদেহ টার সামনে দাঁড়িয়ে এই কথা গুলোই ভাবছিলো রিমা। মাত্র তিন মাস আগেই হারিয়েছে সে তার জন্মদাত্রী মা কে, আজ এই মা ও চলে গেলো তাকে ফেলে। মাতৃবিয়োগের যন্ত্রনাটা যে একই রকম হচ্ছে।

জলতরঙ্গ

লোপামুদ্রা চৌধুরী
(B. ed Batch 2016-18)

সত্তরের দশক। মধ্যবিত্ত একান্নবর্তী পরিবারের ছোট ছেলে পরিতোষ। দু'চোখে স্বপ্ন নীল সমুদ্রের। রাজ্য স্তরের ভারোত্তোলন প্রতিযোগিতায় স্বর্ণপদক প্রাপ্ত ওই যুবকের শরীরে যেন সিংহের জোর। তার লক্ষ্য ভারতীয় নৌ-সেনায় যোগদান করা। দিনরাত এক করে সেই প্রচেষ্টায় নিয়োজিত সে। অবশেষে উত্তীর্ণ হলো সে তার স্বপ্নের পরীক্ষায়। এবার এক বছরের প্রশিক্ষণ, তারপর পারি সমুদ্রে।

চূড়ান্ত আত্মবিশ্বাসে দৃপ্ত পরিতোষ স্বল্পকালেই জয় করে ফেললো তার প্রশিক্ষকদের হৃদয়। দেহের ও মনের জোরে সে অতিক্রম করে ফেলতো সব বাধা। দেখতে দেখতে প্রশিক্ষণ কাল শেষ হলো, একবার বাড়িতে দেখা করেই অফিসে যোগ দিতে হবে। আর নৌ-সেনার সাদা ইউনিফর্ম পড়ে পারি দেবে তার স্বপ্নের নীল সমুদ্রে।

তার মনে প্রাণে সমুদ্রের ঢেউ এর মতোই অফুরন্ত স্বপ্ন আর উচ্ছ্বাস। বাসে ফিরছে সে বাড়ি। পরের স্টপেজে নামতে হবে তাই সুটকেস টা নিয়ে সে দাঁড়ালো বাসের পাদানির শেষ সিঁড়িতে। বাসটা একটু আস্তে হলো, থামেনি তখনো, আনন্দের উচ্ছ্বাসে সুটকেস হাতে চলন্ত বাস থেকেই দৌড়ে নেমে পড়লো পরিতোষ। সামনের একটা টুকরো ইট এ হোঁচট খেয়ে পড়ে গেলো। তারপর সবটাই অন্ধকার।

চোখ খুললো যখন, সারা শরীরের অসহ্য যন্ত্রনায় কাতরাচ্ছে সে। সামনে বাবা, দাদা, ডাক্তার, নার্স। প্রথমেই কিছু না বুঝলেও, কয়েক লহমায় সে বুঝে গেলো যে তার ডান পা টা হাঁটু থেকে গোড়ালি অব্দি টুকরো টুকরো হয়ে গেছে। ডাক্তাররা ভেবেছিলো পা টা বাদই দেবে, শুধু অল্প বয়স বলে অন্য চেষ্টা করছে। তারপর দীর্ঘ আট মাস পরিতোষ এর স্থান হাসপাতালের বিছানা। অনেকগুলো অপারেশন, লোহার রড প্রতিস্থাপন, ওষুধের পাহাড়, ফিজিওথেরাপির মাধ্যমে সুস্থ

হলো বটে, কিন্তু ভারোত্তোলন করা ছেলেটার এক বালতি জল তোলাও বারণ হয়ে গেলো সারাজীবনের মতন। স্বপ্নের চাকরির স্বপ্ন তো অনেক আগেই হয়েছে অধরা।

সময়ের সাথে আবার পড়াশোনা করে একটি বেসরকারি সংস্থায় কাজ পায় পরিতোষ। জীবন বয়ে চলে, সময় কেটে যায়। শত কঠিন সময়েও হাত ছেড়ে না দেওয়া প্রেমিকা আজ স্ত্রী। সেই স্ত্রী, সন্তান, নাতি, নাতনি নিয়ে সমৃদ্ধ পরিবার, আজকের সত্তরোর্ধ পরিতোষের।

পুরোনো আলমারিটা গোছাতে গিয়ে হঠাৎ আজ সে খুঁজে পেলো তার নৌসেনা প্রশিক্ষণ কেন্দ্রের ইউনিফর্ম পরা হলুদ হয়ে যাওয়া একটা ছবি। মুহূর্তেই জ্বালা করে উঠলো চোখ দুটো। অজান্তেই হাত রাখলো ডান পায়ের ওপর, পায়ের যন্ত্রনাটা আজ আর অনুভব হয় না সেভাবে, আসলে ওই অপারগতাটা সহ্য হয়ে গেছে বহুদিন, কিন্তু হৃদয়ের ভেঙে যাওয়া জলতরঙ্গের নোনা জলে আবার প্লাবিত হলো তার চোখ দুটো।

(একটি সত্য ঘটনা অবলম্বনে লেখা, ব্যক্তিগত কারণে চরিত্রের নাম পরিবর্তন করা হয়েছে)

GIRLS' EDUCATION IN INDIA – ITS CHALLENGES

SUMITA CHAUDHURI (Teacher-in-Charge)

"There is no chance of the welfare of the world unless the condition of women is improved. It is not possible for a bird to fly on one wing."

--- Swami Vivekananda.

• Introduction:

Education is a universal right. Girls are still in the minority in schools in low – income countries, accounting for more than half the children who do not attend primary school. Education for girls is one of the best development investments one can make, having a positive impact on a number of areas. It promotes health and welfare for the next generation, and can help reduce poverty and slow down population growth. Girls education is a strategic development priority. Better educated women tend to be healthier, participate more in the formal labor market, earn higher incomes, have fewer children, marry at a later age, and enable better health care and education for their children, should they choose to become mothers. All these factors combined can help lift households, communities, and nations out of poverty (Tyagi, 2010). The woman of modern India is liberal, educated and suave. She is no longer confined to the four walls. They have an opinion on each and every matter. This has resulted in changed power equations at her home, workplace and the society. The number of working women is rising day by day. The Indian women have been significantly progressing in obtaining responsible position in organization. According to the Constitution of India, education is a fundamental right of every child. Education of a girl child is the first stride towards the wholesome development of a country (Worah, 2014).

⅄ Challenges of Girls Education:

Some girls do not start or complete schooling for many reasons. The reasons for the lack of education of girl child can be mentioned as follows:

➨ **Family Problem:** First of all, the birth of a girl child is frowned upon in few areas of India. People in elements of rural India believe that it is less important to educating the girl child. Girls are believed to stay at home to take care of the household works and then get married at a suitable age.

➨ **Societal Views:** Education of girl child is regarded as a waste of time and money by the backward, orthodox sections of the society. The pursuit of education is not encouraged as girl child has the burden of domestic responsibilities and having a professional career is seen as a sign of disgrace to the family name. Also, educating a girl child would mean paying a heavier dowry for her marriage. These are the kind of ridiculous societal norms that a girl has to face (Sahoo, 2016).

➨ **Financial Struggle:** Poor families who earn just enough to feed their children cannot afford education for a girl child. In their view, a girl has to get married eventually and educating a girl child is seen as a waste of money (Latha, 2014).

➨ **Child marriage:** Child marriage is an important reason which hampered the girls' education. Sometimes girls are getting married before attained the minimum level of education. It is estimated that 15 million girls under the age of 18 are married each year.

➨ **Gender stereotypes and gender attitudes:** Traditional perceptions of gender roles often mean that educating girls is not regarded as being equally relevant and vulnerable as educating boys. Society does not equally emphasize the gender stereotypes and gender attitudes.

➨ Lack of female teachers: There is a lack of female teachers in the educational institutes. Some parents do not want to send their daughters to school, or remove them from school when they reach puberty due to lack of female teachers in schools.

➨ Lack of sanitary facilities: In pubertal age, girls need extra care about their health and sanitary also. Many educational institutes are unable to provide good sanitary system. Due to lack of sanitary facilities many girl students leave the school when they reach the puberty stage.

⅄ Government Schemes for Girls Education:

Both Central and State government have taken conscious efforts to promote education for the girl child. All girl children are entitled to free education up to class VIII under the Right to Education Act, 2009. To address the declining sex ratio and raise awareness regarding the importance of girl education, Prime Minister Narendra Modi launched the Beti Bachao, Beti Padhao. Several State Governments provide free education for the girl child, free text books, educational loan. Sukanya Samridhi Yojana and many others policies to help girl child obtain a formal education. Smt. Mamata Banerjee, chief minister of West Bengal launched 'Kanyashree Prakalpo' as financial support to the girl child for the education and protects the early marriage.

⅄ Benefits of Girls Education:

➨ **Girls' Education Promotes Sustainable Development**: When girls gain access to education, they acquire important knowledge that gives them greater potential for employment and income earning as adults. Even with limited schooling, the impact of education can be observed. As a result, girls can also play a more active role in the political and social debate and in the development of their own society.

➨ **Improved Health**: There is a clear association between education and improved health. Girls' education has a positive effect on the level of health in society. Being able to read and acquire knowledge will enable mothers to better look after their own and their children's health. This has a positive impact ion maternal and child health.

➨ **Gender equality**: Equal educational opportunities for girls and boys are a fundamental human right and the basis of equal opportunities later in life. Equality in education is about more than equal access. It is then vital to include knowledge and understanding of gender equality and gender sensitivity in the development of

the curricula and to include knowledge of human rights and sexual reproductive health rights (Kumar & Sangeeta, 2013).

➨ **Educated future generations:** Educating a girl child results in educating the entire nation. The first teacher of a child is the mother. Education of a girl child results in empowering them which makes the community stronger and more developed.

➨ **Participation in Political Process:** Women are not just great home workers, they are great leaders. Education allows girls to step out of their houses and participate in the decision-making process, discussions, and political assemblies for an adequate representative government.

Pointers for Reform in Girls Education:

➔ School going should be made convenient and acceptable for girls. This can be done in a number of ways like exempting girls from paying fees, periods of free education for girls may be made longer than boys, staffing of primary school with fairly elder and mature women teachers can also increase the holding power of schools.

➔ A nursery or pre-primary school should be attached to every girls school where the pupils are allowed to bring their younger brothers and sisters during school hours etc. As many girls are not sent to school, not because of the social stigma, but because they are required at home to look after young brothers and sisters and shoulder the household work.

- ➔ Special incentives like additional allowances commensurate with hardship of rural areas should be given to the lady teachers.
- ➔ Accommodation for lady teachers should be provided near the schools.
- ➔ A social climate needs to be created among the village community to enroll all girls of school going age.
- ➔ Family education should be made an integral part of girls' education.
- ➔ Contents of girls' education should be emphasis the needs of womanhood.
- ➔ Central and State Governments should join hands and seek the cooperation of

all voluntary organizations to spread education for girls every nook and corner of the country.

- Post elementary education should enable a woman to become a better wife, a better mother and a useful citizen. This education should increase the earning capacity of woman. Therefore, it must definitely be job oriented. Volunteers, NGO, Women Welfare Associations and Government agencies can help in running short term, useful and job-oriented courses, Accountancy, Child Care, Nutrition, Dietician, Para Medical Courses, Interior Decoration, Cuisine, Repairing fuses, Electronic Goods etc are some of the jobs which prove helpful in the home and also enable some to get employment.
- There are more than six thousand National and State Welfare associations in India. Government should urge them to take up at least one common item of work.
- Voluntary agencies can further play an important role in creating the right kind of public opinion in favor of women education.

Girls' education in India plays a very important role in the overall development of the country. It not only helps in (the development of half of the human resources, but in improving the quality of life at home and outside. Educated women riot only tend to promote education of their girl children, but also can provide better guidance to all their children Moreover, educated women can also help in the reduction of infant mortality rate and growth of the population.

Problems Associated with Girls Education in India:

The concept and phenomenon of education based on school-going is of modern origin in India. Education in the past was restricted to upper castes. However, today, to lead a comfortable life in this fast-changing world, education is seen as the most influential agent of modernization (Bagehi, 2005). The educational attainments in terms of enrolment and retention in rural India generally correspond to the hierarchical order. While the upper castes have traditionally enjoyed and are enjoying these advantages, the Scheduled Caste and other backward castes children have lagged behind in primary schooling. Studies have revealed that children of backward castes are withdrawn from school at an early age, by about 8

or 9 years. An important reason for withdrawal of children from school is the cost and work need of poor households. Income and caste are typically correlated with lower castes having lower incomes and higher castes having better endowments in terms of land, income and other resources. Thus, one fact is certain that there is a clear divide in the villages, along caste lines, regarding access to schools.

The very poor children are enrolled in the municipal school because it provides a number of incentives such as lower expenditure on books, uniforms, fees, etc. The well-off children go to the private school, where English and computers are given more importance. The tendency in favour of private schools in rural areas is influenced by people's perception of private schools, as a means of imparting quality education in English medium. Moreover, education and the subsequent attainment of town jobs is often looked upon by many of these rural families, especially families belonging to lower castes, as a means to break out of their position in caste hierarchy (Agarwal & Agarwal, 1994).

➨ **Defects of Present System:** According to Amartya Sen, 'Primary education in India suffers not only from inadequate allocation of resource, but often enough also from terrible management and organization. To him, management and organization of schools is still in a terrible State in India. That means, there are three major defects in the present educational system. The first is the physical environment in which the student is taught, the second is the curriculum or the content, which he/she is taught, and the third is the teaching method or the teacher, who is teaching.

➨ **Physical Environment:** Today's society clings to schools to such an extent that a co-dependent relationship is created between the broader and friendly notion of education and the manipulative reality of school. Education should not be limited to the sphere of the school. It should have to encompass nearly every aspect of life. Schools are not considered as places, where the students are taught many life skills that will help them succeed in their future endeavors.

➨ **Defects in Curriculum:** The educational system presents a contrasting experience to these children. These outdated school systems do not allow for a child's mind and personality to develop. Moreover, the knowledge imparted is not continuous and are disjointed fragments of information that are arranged in the

form of different pieces in the syllabus (NCERT, 2007). The education systems in this region are highly monopolistic and rigid, and are controlled by bureaucratic departments that are resistant to change (Bandyopadhyay, 2012).

- **Most Important Resource-The Teacher**: The protagonist of the educational system and the most important resource for quality education, the teacher, in reality has the feeblest voice in the matters of concern. The rural primary school teacher occupies the lowest position in the hierarchy. Apart from teaching, he/she is expected to bear the burden of many other assignments such as collecting census, propagating family planning programmes, conducting poverty surveys, etc. The teacher in a village acts as the sole multi-purpose village functionary, and is expected to perform whatever function the government finds necessary at any time. This problem becomes most acute in the case of village schools, having a single or at most two teachers. For days together, the school may remain closed because the teacher has been summoned on 'duty', further discouraging children, who in the absence of support at home need much more attention and extra time (Sudha, 1997).

Another major problem that has come up in recent days is that, due to the ceiling on recruitments, there is insufficient number of teachers in many of these schools. A considerable proportion of available teachers do not have the requisite qualifications. Women teachers constitute only 31 percent of the total number of teachers in rural areas, which is supposed to be one of the causes for low literacy rate (Mishra & Yadav, 2013). Lack of motivation on the part of teachers, who generally are academically low- qualified and have chosen this profession as a last resort, is a serious problem. Added to this, the teachers are burdened with unmanageable classes, irrelevant curricula, dismal working conditions, and lack of recognition of their efforts. Moreover, these teachers are lowly paid. The result is that the teachers tend to give up.

The importance of school education in child development:

A school must stimulate curiosity in the young, impressionable minds and equip them with tools to be better human beings. It is widely accepted that the learning process is instrumental in shaping one's personality and the way he/she deals with situations of life. The shift of thoughts from bookish knowledge to

knowledge of life, in schools, has brought forth a sea of change. People have warmed up to the idea of education being the key to a well-rounded development instead of just a mean to acquire degrees and monetary success in life. Education must facilitate the cultivation of a healthy thought process and groom our cognitive abilities (Mondal, 2015). In the present competitive world, education is a basic necessity for human beings after food, clothes and shelter. School education must focus on the following aspects, which contribute immensely to the development of the young minds as they step into adulthood.

- **Mental aspect:** School is the foremost fountain of knowledge children are exposed to. It gives a chance for them to acquire knowledge on various fields of education such as people, literature, history, mathematics, politics, and other numerous subjects. This contributes to cultivation in the thought process. When one is exposed to the influences coming from various cultural sources, his/her on world and existence becomes vast.
- **Social aspect:** School is the first avenue of socialising for a child. Up till then, parents and immediate family members are the only people the child has human interactions with. And familiarity is a breeding ground of stagnancy. With schools, children are exposed not only to new ideas but also to same aged compatriots. This instills sociable practices such as empathy, friendship, participation, assistance which turn out to be important in their adulthood.
- **Physical aspect:** A child, after conception, goes through various physical developments. While home provides a restricted outlet, in school, a child can channelize his energy into more sociable avenues. Studies have pointed out that while in familiar environment, the child is equipped to deal with sudden bursts of energy, the learns to be at his/her best behaviour only when exposed to same-aged individuals. Plus, familiarity leads to taking advantage of situations, while in school, the playing field is levelled. Also, the presence of activities such as sports, craft helps children direct their boundless energy into something productive.

- **Overall development:** In the current educational scenario, a child learns to go beyond the traditional way of rote learning. They are taught to develop a mind of their own and through the flexible curriculum, curiosity is promoted. The child is free from the shackles of mental blocks and lets his/her imagination run

its courses. Importance of imagination is stressed upon extensively. At school, children are exposed to various sources from which they can imbibe immense knowledge, instrumental for their development (Chakraborty, 2010). Hence school is necessary for children to inculcate the workings of life. Education forms the foundation of any society. It is responsible for the economic, social, and political growth and development of society in general. So, schools play an important role in moulding a nation's future by facilitating all round development of its future citizens (Selvan, 2016).

Conclusion:

Education plays an important role to live with harmony whether it is boy or a girl child. Education helps an individual to be smarter, to learn new things and to know about the facts around the world. Especially girls' education in India is the need of the hour. In terms of inhabitants, India is the second largest nation in the world but the rate of girls education in India is extremely low. Overall development of a country depends on the status of girls' education. So, girl child must be educated for the overall development of the country because they play an essential role in the all around process of the country. Generally in rural part of this country, some people rarely want to send their daughters to school, they think that education is not important for girls as they grow up and eventually get married and settle down after a certain period. People think that girls should be stay at home to help their family and nothing else. This mentality is completely wrong and since girl education can bring around a massive revolution in the society.

REFERENCES:

Agarwal, S. P. and Agarwal, J. C. (1994). Women's education in India. New Delhi: Concept Publishing Company.

Bagchi, Jasodhara.(ed.). 2005. The Changing status of women in West Bengal 1970-2000: The Challenge ahead. New Delhi: Sage Publications.

Bandyopadhyay, M, (2012) Gender Equity in Education: A Review of Trends and Factors. CREATE Pathways to Access Research Monograph No 18. Brighton: Consortium for Research on Educational Access, Transitions and Equity (CREATE).

Chakraborty, T. (2010). Kinship institutions and skewed sex ratios in India. D*emography* 47, 989–1012.

Kumar, J. and Sangeeta (2013) : Status of women education in India, Educationia Confab, 2 (4), 162-176.

Mishra, S.K. & Yadav, B. (2013). Problems of govt. girls high schools of Khargone district (M.P.). International Journal of Scientific and Research Publications, 3 (1). 1-18.

Mondal, P. (2015). Education in India: An Essay. PP. 1-8 Website: http://www.yourarticlelibrary.com

Sahoo, S. (2016). Girls' education in india: status and challenges, International Journal of Research in Economics and Social Sciences, 6 (7), 130-141.

Problems of rural girl students in higher educational institution. Scholarly Research Journal for Humanity Science & English Language, 4(23), 5992-5998.

Sen, Amartya 2001. "Many Faces of Gender Equality", The Frontline, India, 9 November.

Family size, sex composition and children's education" Ethnic differentials over development in Peninsular Malaysia. Population Studies, 51, 139-151.

Tyagi, R. S. (2010). "Gender Inequalities in School Education in India", New Frontiers in Education, 43(3), pp. 316-317.

